দিকেই ঝোঁক দেওয়া হয়েছে. অর্থনৈতিক দঢ় ভিত্তি তাদের চাই। যেহেতু চাস থানায় অনেক খনিজ সম্পদ রয়েছে, তাই চাস থানার সমস্ত অধিবাসীই বাণগলাভাষাভাষী হওয়া সত্তেও বিহারের আথিক স্পাতির দোহাই দিয়ে তাহাকে পশ্চিমবাংলায় দেওয়া হয় নাই। যদি বলা হয় যে, জামসেদপরে চাই, তথন বলা হয় যে, সেখানে নানা জায়গার লোক এসেছে, কাজেই সেটা নিলে বিহারের অর্থনৈতিক দুর্দশা চরমে উঠবে। কিন্তু আমি বলি, আমাদের পাট, আমাদের কয়লা কি সেন্টাল গভর্নমেন্ট কন্টোল করেন না? তা ছাড়া সিন্ধী, চিত্তরঞ্জন প্রভৃতি বড় রড় শিশ্প কেন্দ্রীয় সরকারের অধীনে থাকুক এবং টাটা প্রভৃতি ও বিবিধ খনি জাতীয়করণ করা হ'ক এ আমরা চাই। আমরা বলি, যেখানে বড় বড় শিল্প প্রতিষ্ঠান হয়েছে বা হবে সেখানে সেম্ট্রাল গভন নেন্ট তার সংগে সংযোগ রাখবেন, তাতে আমাদের সম্পর্ক নাই। আমাদের দুর্গাপারে ইম্পাতের কারখানা হচ্ছে। সেখানে বহিরাগত এখনও কিছু নাই, কিন্তু সেখানে কাজ আরম্ভ যথন হবে সমগ্র দেশের কুলি-মজার থেকে আরম্ভ করে সর্বশ্রেণীর লোক তথন সেখানে আসবে, তথন সেই যাভিতে হয়ত একদিন বলা হবে যে, দুর্গাপুর তোমাদের থাকবে না। আমরা বলতে চাই, যেগুলি সেন্টাল গভর্ন সেন্টের অধীনে রাখবার তা রাখা হ'ক, সে বিহারেই হেকে, বাংলায় হ'ক, উড়িস্যায় হ'ক বা যেখানেই হ'ক। আর একটা কথা বাংলা-বিহার আলাদা রাষ্ট্র নয়। কোন বাম্টের ঘাটতি পড়লে কেন্দ্রীয় সরকার বয়েছেন, তাঁরা সেই ঘাটতি পরেণ করবেন। আজ বিহারের সংগে ঝগড়া হচ্ছে, তাবা আমাদেব মিরজাফরের জাত বলছে। তার জবাব দিতাম বিস্তু তার জ্বাব নরেন বাব, দিয়ে গেছেন। কিন্তু আমি বলতে চাই, সেখানকার ডাঃ শ্রীকৃষ্ণ সিংহ, তিনি কলির শ্রীকৃষ্ণ হতে পাবেন কিন্তু বিহাবের যথন জন্ম হয় নি ১২০ বছর আগে তথন কি করে ঐসব জায়গা বিহাবে থাকতে পারে? আমাদেব দেশে ঘোডাব ডাক্সার নামে এক-প্রকার ডান্তারের কথা শ্রি, তাকে চোখে দেখি নাই, আমরা জানি না, তিনি কোন শ্রেণীর **ডান্তা**র। আজ সেই শ্রীকৃষ্ণ সিংহ কংগ্রেসী প্রধানমন্ত্রী হয়ে যদি এই বৃক্ষ অবাস্তব এবং অসতা জিনিস লোকের সামনে ধরতে পাবেন, কংগ্রেস হাইকম্যান্ডের সেটা বিচার করা উচিত। বিহারের যে সভাতা তার সঙ্গে আমরা বাংলার সভাতার তুলনা করতে চাই না। বিংকমচন্দ্র রবীন্দ্রনাথের দেশে আমাদেব জন্ম, স্বাধীন ভাবতের দু'টি জাতীয় সংগীতেরই স্রুষ্টা আমাদের এই বাংলাদেশেরই। আমরা বিহাবের ভৈাষা সভাতার সংগে লড়াই করব না। হাসা। আমরা বিহারের ভায়েদের সংখ্য লডাই করতে চাই না, আমবা লডাই করব জওহরলালের সংখ্য, কেন্দ্রীয় সরকারের সংগে। তিনি সর্বঘটের কাঠালি কলা হয়ে বসে আছেন। তাঁর ৫৪টা জেলাবিশিষ্ট উত্তরপ্রদেশ, কিন্তু তার পান থেকে চন খসরে না। জওহরলালই ত অগ্রসর হয়ে বলতে পাবতেন বিহারের হিন্দী ভাষাভাষী ভায়েদেব তোমরা আমাদের প্রশিকে ৩টে বা ৪টে জেলা নিয়ে नाउ, वाश्नारक उ वौज्ञार रहा। जिनि यीम न्वार्थभून। रहा मुज्जारव এकथा वहन जीवारा আসতে পারতেন, তবে আমার দুট বিশ্বাস, বিহার সে জায়গায় হয়ত আপত্তি কবতে পাবত না। সেইজনা আমি দট্ভাবে এই দাবী জানাই যে, তিনি চুপ ক'রে বসে থাকবেন, আর কমিশনকে লেলিয়ে দেবেন-তাতে হবে না। তিনি আমাদের বলবেন, তোমাদের অভিমত পাঠিয়ে দাও —তা বললে হবে না। এধাবে তিনি বিশেব পঞ্চশীল কবছেন, আমাদের দেশে একটা কথা আছে "ঘর জনলানে - পর ভোলানে", আমাদের দেশে অভাব-অভিযোগ যা আছে সেদিকে কিছু করবেন না, এখানকার সমস্যার সমাধান করবেন না, অন্যাদিকে পঞ্চশীল করছেন। এই শালের শিলাব্ণিট পশ্চিমবংগর প্রতিও একটা হ'ক, এইটাকু দাবা করছি। অনাদিকে আত্তিকত হচ্ছি বৈবাহিকের মাথা নাড়ায়। 'তনি হচ্ছেন জাতীয় বৈবাহিক রাজা গোপাল আচারিয়া। তিনি বলৈছেন এখন বেডালছানা বার কবো না, চুপ করে থাক ১৫ বছর পর্যন্ত। কিন্তু আমরা তা চাই না. আমবা চাই এথনই এ সমসাার সমাধান হ'ক, পরিন্কার লিঙ্গাইস্টিক বোসসএর উপর। আমরা তো দেখেছি রাজাজী অন্তোপচাবে খুব দক্ষ ও উংসাহী। ভাবত ভাগ করায় তাঁর উৎসাহ তো আমরা জানি। তাই এখানের অস্তোপচারে তার এই উদার ভাব কেন? এর আগে বিধানসভায় ডাঃ রায় বলেছিলেন্ ঐ লিংগ,ইস্টিক বেসিসএর প্রস্তাবটা তুলে নাও, পূর্ব বাংলা থেকে যেসব উদ্বাস্তু এসেছে তাদের পুনর্বাসনের কথা নিয়ে সেই যুক্তি নিয়ে আমি বলব— তোমরা সকলে যদি আমাকে একমত হয়ে শক্তিশালী কর এই জিনিসটায় যে, এইটেই পশ্চিম-ব**ে**পার দাবী, তাহ**লে** আমি এইটে নিয়ে যাব এবং বোঝাতে চেণ্টা করব। আমরা তখন ভেবে-ছিলাম ষে, এই জিনিসটে হলে তিনি বুকিয়ে আনতে পারবেন। কিল্<u>ড এই আলম্কা প্রকা</u>ল

করেছিলাম যে, লিঙ্গুইসটিক কেন বলব না? ১৯৫৩ সালে এ বিষয়ে যে বন্ধতা করেছিলাম তাতে বলেছি সেই লিঙ্গটেস্টিকএর উপর জোর না দেওয়ার ফলে বাংলার উপর আজ এই সর্বনাশ হতে চলেছে। সেইজনা এখন বলতে চাই লিপাইসটিক বেসিসএর কথা কংগ্রেসই ঘোষণা করেছিলেন, লিঙ্গ্রেস্টিক বেসিস বিহারের তৎকালীন স্বাজনমানা নেতারা স্বীকার করেছেন এবং বার বার করে কংগ্রেস অধিবেশনে এবং মহাত্মা গান্ধীর সমূখে তংকালীন কংগ্রেস ওয়ার্কিং কমিটি যে কথা সমর্থন করেছিলেন আজ সেই জিনিস্টা যদি বানচাল করা হয়, বাংলা খন্ডিত হলেও সেটা কখনও ক্ষমা করবে না, সহা করবে না। এবং সমস্ভ প্রদেশ জাড়ে এমন বিশ্লবের আগনে ছাটে যাৰে যাতে ইংরেজ ত কি সতি।ফাবের ইংরেজের অন্কেবণে কোন সাম্রাজ্যবাদীর কোন সমতানি । মতলব থাকে তা পাড়ে ছাই হয়ে যাবে। অবশা এ জিনিস আমরা চাই না। সেইজনা আমরা মানে মানে বলতে চাই, পশ্চিমবংগ্রের দাবী যে আমাদের পশ্চিমবাংলার সংলগন যত বংগভাষাভাষী অঞ্চল হা আমাদেব দিতে হবে। এক জায়গায় বলা হয়েছে, গোয়ালপাডার ব্যাপার নিয়ে যে দ্বিভাষী রাজ্য করা হ'ক ক্মিশনাবের শাসনে এনে। আমি জিজ্ঞাসা করি, কোনু কমিশনার? সেন্টালের না আসাম গভর্নমেন্টের কমিশনার? আমরা সে ধোঁকা শ্নতে চাই না। আমরা পরিষ্কারভাবে এই কথা বলতে চাই যে, কোচবিহারের সংশে সংশিল্ট গোয়ালপাড়া, তাকে নিশ্চয়ই পশ্চিমবাংলায় দিতে হবে। আর ত্রিপরোর কথা, সেথানকাব লোকের সমবেত দাবী, তারা যতদারেই থাক তাদের সেটা প্রোপ্রির বংগভাষাভাষী অঞ্চল তারা যদি স্বেচ্ছায় সেই আসামে যে অসাম বাঙাল খেদার জনা প্রাসম্প, যার অনেক বিবরণ এখানকার বহু মাননীয় সদসারা দিয়ে গেছেন তার পুনরুল্লেখের প্রয়োজন নাই, যাব জনা তাবা অতানত ভবিত সন্তম্ভ, তাদের আসামে থাকতে হবে বলে তাদের যদি না নেওয়া হয় সংশ্লিষ্ট নয় বলে, ভাহ'লে গুরুতের অন্যায় করা ২বে। পাকিষ্টান সরকার যদি করাচী থেকে পূর্ব বাংলা তারা শাসন করতে পারে অনা রাণ্টের উপর দিয়ে, তাহ**লে** ত্রিপুরোকে আমাদের যে সমুহত রাজ। ভারতীয় ইউনিয়নের মধে। আছে তার মধ। দিয়ে কেন ম্যানেজ কবতে পাবব না? ম্যানেজ করার কথা উঠেছে বলেই একথা বললাম।

্রারপর আন্দামান ও নিকোব্রের কথা উঠেছে। সে সম্বন্ধে প্রিবিতী বঞ্চারা যে যুক্তি দিয়েছেন সেসব আপনারা শ্রনেছেন, উদ্বাদত্ত প্নর্বাসনের বেলায় তাদের বলা ২চ্ছে তোমরা সেথানে যাও, সে দ্বর্গভূলা, কিন্তু তাকে দ্বর্গভূলা বাঙালগীরাই ত যেয়ে গড়ে ভূলেছে। সে জায়গা পশ্চিমবংশার মধ্যে আনবার জনা আমি বিশেষভাবে অনুরোধ করছি।

আর একটা কথা, অন্য যেসব অত্যাচারের কথা তা বহা জায়গায় বলা হয়েছে। এখন এইমার টেলিগ্রাম এল, ঘাটশিলায় উদ্বাসত প্নের্গাসনের কথা বলা হয়। সেখানে তারা বলেছে
—লিগ্রুইস টকএর কথা যদি বল বিপদ হরে। বিহারীরা বলেরে তোমরা আমাদের এখানে থাক,
প্রজা হয়ে থাক, কেউ কিছু বলবে না। কিন্তু যদি লিগ্রুইসটিকএর কথা বল, এমন গাঁবতা দেব
যে, মুখ ফুটে বলা চলবে না। আমরা সেদিন ক্ষেকটি ভুলোকের সংগ্রাক্তা কথা বলছিলাম,
তারা মানভূম, সিংভূম মঞ্জের ভূতপূর্ব এম, এল এ। বিহারীদের গাঁবের কথা শ্কায় নাই। অহিংস সভাতার যে নম্নাম্বর্প তাদের উপর যে লাঠিস্বেটা চলেছিল তার বাথা এখনও মরে নি।

এই যে টেলিগ্রাম ঘার্টশিলা থেকে এসেছে বাঙলোঁ উদ্বাদত পর্নবাসনের জনা, সেখানে সেখানকার বাজা ভালো বাক্থা করেছিলেন উদ্বাদত প্নবাসনের জনা চমংকার হায়গার বাক্থা করেছিলেন। কিন্তু গভনমেন্ট সে জায়গার রাজাব যে জমি দিয়েছিলেন সেই জমি হঠাৎ বর্ম বিভাগকে দিয়েছেন। অথচ হার কোন প্রয়োজন ছিল না। হঠাৎ একটা পরিবদার জায়গা পেয়ে বনস্জানের বাক্থা হল। এবং বহু বাংগালা বহু এথ বায় করে বনবাসের বাক্থা করতে গিয়ে সর্বাদ্ধ হারতে বাধ্য হয়েছে, শুধু তাই নয়, আমার কাছে রিপোর্ট আছে — পশ্চিমবুঞা বিধান পরিষদের চেয়ারমানে ডাঃ স্কাতিকুমার চ্যাটজিকে সেখান থেকে উৎখাত করার চোটা ও ষড্যক্ত চলছে।

সেজনা এই পরিপ্রেক্ষিতে সমস্ত জিনিস্টা ভেবে এবং চিস্তে আমরা কারও উপর জোর করে কিছু চাপাতে চাই না, কাউকে শোষণ করতে চাই না কিস্তু সপো সপো একথাও বলব

যে, আমরাও শোষিত হতে চাই না। কেউ আমাদের উপর জাের জ্বরদ্দিত করবে, এটাও আমরা চাই না। আমরা চাই ভাষার ভিত্তিতে রাষ্ট্রকৈ প্নগটিত করতে। পাদ্ববিতী বিহার এবং উড়িবাায় যদি সর্ববিধ উয়য়ন হয় তাতে আমরা কােন আপত্তি করি না। কিন্তু পশিচমবাংলারও যাতে কােনদিক দিয়ে কােন অস্বিধা হয় এটা আমরা কখনও চাইব না। কাজেই পরিকারভাবে আমরা এই দাবী পেশ করি এবং সমস্ত হাউসের পক্ষ থেকে আমরা এই কমিশনের রিপোটের তীর প্রতিবাদ জানাচ্ছি এবং এটাকে নাকচ করছি এবং বলছি ন্তন করে এটা রচিত হ'ক ও গ্রীজওহরলাল নেহর সেই রিপোট রচনা করে সেটা প্রকাশ কর্ন, এই আমাদের দাবী।

[6-5 - 6-15 p.m.]

Si. Pijush Kanti Mukherji:

নাননার অধ্যক্ষ নহাশয়, এস,আর,সি, রিপোর্ট পড়লে এই কথাই মনে হয় যে কোন যুদ্ধি দিয়ে সিম্পানত স্থিপ করা হয় নি। সিম্পানত যেন আগেই তৈরি হয়েছিল এবং সেটার সমর্থনে থানিকটা যুদ্ধির অবতাবণা করা হয়েছে। এস,আর,সি, রিপোর্টএ বিশেষভাবে পশ্চিমবংগরে বিষম অনুধাবন করলে এটাই স্পন্টই প্রতীয়মান হয়। তা না হলে দক্ষিণ ভারতের পক্ষে যে যুদ্ধি এবং নীতি গ্রহণীয় বলে মনে হয়েছে, সেটা এক্ষেত্রে হয় নি কেন? পশ্চিমবংগর উত্তরাগুল নিয়েই আমি আলোচনা করছি।

গোযালপাডার কথা আমি বলি। এসম্বন্ধে প্রথমেই কমিশন বলেছেন ১৯৫১ সালের সেন্সাসের সঙ্গে ১৯৩১ সালের যে সেন্সাস তার যে পার্থকা তার কোন সন্তোয়জনক কৈফিয়ং তারা পান নি এবং তার দেশনক কবেন নি। কিন্তু এই ১৯৫১ সালের সেন্সাসের উপর নির্ভার করে তারা এমন কিছুও পান নি যাব দ্বারা এমন কথা বলা যায় যে ওখানকার মেন্ডারিটি वाश्लाভायाय कथा वर्रल ना। আশ্চর্যের বিষয় যে সমুহত দায়িত্বশীল ব্যক্তি নিয়ে এই কমিশন গঠিত, তাদের কাছ থেকে এই সমসত উদ্ভি খবেই দঃখেব বিষয় এবং ক্ষোভেব বিষয়। ১৯০১ সাল থেকে ১৯৫১ সাল পর্যন্ত যদি সেন্সাসের হিসার নিয়ে দেখা যায় তাহলে দেখা যাবে যে সমস্ত গোয়ালপাড়ায় শতকরা ৫৪ জন বাংগালী এবং ধ্বড়ী মহকুমায় শতকরা ৫৯ জন বাজ্গালী। বাজ্গালীর সেখনে দুটো ভাগ মুসলমান এবং হিন্দ্। এই মুসলমানদেব প্রায় সম্পত্ত রংপরে এবং ম্যামন্সিং থেকে আগত এবং যে হিন্দু সম্প্রদায় আছে, তারা সাধারণতঃ রাজবংশী। হিন্দু বাংগালী বাজবংশী কমিউনিটির লেকেরা উত্তর বাংলাব জলপাইগটে। কুচাবহার, পশ্চিম দিনালপুর, পুর্ণিয়ার খানিকটা অংশে ছড়িয়ে আছে এবং পাকিস্তানের খানিকটা এংশেও ছডিমে আছে। এরা একই বংশোদভত লোক। তাদের বাংলা থেকে বিভিন্ন করবার কি কারণ থাকতে পাবে বর্মি না। এই গোষালপাড়ার বাঙ্গালীরা যে ভাষায় কথা বলে অন্ততঃ ১০ জন সদস। আমাদের এই বিধানসভায় সেই ভাষায় কথা বলেন। তা ছাড়াও আমাদের বাংলাভ ষায় মানের একে একে কেপাল থেকে যখন তারা মেচি নরী পার হয়ে আসে তথন <u> जारमुद युना २२१ (प्रक् । এই (प्रक् अन्ध्रमास्यद कान कथाजाया ছाँछ। वर्रनाह यावा ब्याह्म जारमु</u> লিখা ভাষা বাংলা। গোয়ালপাড়া ডেলার মেক অধিবাসীরা সম্পূর্ণ বাংলা ভাষায় লেখে এবং বাষ্পলাই ভাদের দ্বিভীয় মাতৃভাষা। তাই বাংগালীদের সংগে এই মেক জাতি যোগ করলে পবে যাত্যধিক প্রিকাণ বাংলাভাষাভাষী পাওয়া যায়। স্তরাং একে বাংলার অন্তর্ভ না ৰববার কোন কারণ থাকতে পারে না। যদি যোগাযোগ এবং শাসনতান্ত্রিক বাবস্থার কথা বলতে হয় তাহলে বলবো যে যোগাযোগের দিক দিয়ে একটি বড় ট্রাণ্ক রেড কুচবিহার হয়ে আসামের মধ্যে চলে গেছে এবং জলপাইগ্রড়ি জেলার আলিপ্র দ্বার মহকুমা অবধি দ্বিট মোটবেবল রোড গোয়ালপাড়ার মধ্য দিয়ে চলে গেছে। এ ছাড়াও আসাম লিওক রেলপথ দ্বারাও সংযুক্ত। শ্ধু তাই নয়, কুচবিহার এবং জলপাইগ্রিড় জেলার ডাগ্গি, নিউল্যান্ড, হাঁসিরা, এয়ার ফিল্ড সেককন, ১১ মিনিট থেকে ১৫ মিনিটের রাস্তা এই ধ্বড়ী। স্তরাং যোগাযোগ প্রভৃতির দিক দিয়ে নায়স্পতভাবে এটা পশ্চিমবংশেরই অন্তর্ভুক্ত হওয়া উচিত। শাসনগত সুবিধাও ষ্বপ্রেট পরিমাণে আছে। পশ্চিমবংগর বিভিন্ন মাল এবং সমস্ত নিতা প্ররোজনীয় দ্বা যে পথে

थारक यात करन ध्रतिष्टे এकमात स्थान यार७ करत नमीलाथ भामला आनर७ इय । आमारमत এলাকার সমস্ত পরিমাণ চা এবং পাট ধ্বড়ি দিয়েই যাতায়াত করে যার জন্য অনুথক ট্যাক্স দিতে হয় আসামকে। আমাদের নিতাপ্রয়োজনীয় জিনিষ যা কলিকাতা থেকে যায় তা ঐ জায়গ্য মারফত আসে। মোট যে পরিমাণ জিনিষ আমাদের এখান থেকে যায় অর্থাৎ ১০ হাজার ব্রডগেজ ওয়াগানে যে পরিমাণ মাল যায় সেই পরিমাণ মালই ঐ রাস্তা দিয়ে চালা হয়, অর্থাৎ মোট মালের শতকরা ৮০ ভাগ একমাত ধ্বড়ী দিয়ে যায়। সরবরাহ পথ হিসাবে ধ্বড়ী এবং নদীপথ আমাদের অপরিহার্য। শুধু যোগাযোগ, শাসনতান্তিক এবং ভাষাগত দিক দিয়েও নয়, অন্যান্য দিক দিয়েও বাংলার সঙ্গে এদের যোগাযোগ অতি গভীর। সামানা কয়েকটা বছর ছাড়া বরাবর**ই** বাংলা এদের সঙ্গে সংঘ্রত। কিছুদিন পূর্বেও এই কুচবিহারের রাজবংশ গোয়ালপাড়ার উপর রাজত্ব করে এসেছেন। এইসব কাবণ থাকা সত্ত্বেও কমিশন যে কি করে এই রিপোর্ট দিলেন. তা ব্যুক্ত দুলোধ্য। অথাং সিন্ধানেত তাঁরা আগেই পেণচৈছিলেন, কেবল যাতি দিয়ে থানিকটা দেখাবার জন্য একটা প্যারাগ্রাফএর মধ্যে তাঁরা শেষ করে দেবার চেণ্টা করেছেন কিণ্ডু যেখানে নিতান্তই না দিলে নয়, সেখানে নানা যুক্তির অবতারণা কবে সামান্য একটা, অংশ দিয়েছেন পূর্ণিয়ার। তাও যদি ঠিকমত দিতেন, তাহলে যোগাযোগ সম্পূর্ণ হোত কিণ্ডু তারা তা করেন নি। তা না করে সেটি বঞ্চিত করেছেন। প্রিয়া জেলার অধিকাংশ লোকের বাংলাই মাতৃ-ভাষা। উত্তরবংগ কুচবিহার, জলপাইগ,ড়ি, গোয়ালপাড়া, এবং পশ্চিম দিনাজপুরে যে সমুস্ত লোক বাস করে তারই একটা অংশ প্রিণিয়া জেলায় বাস করে। কিন্তু একথা বলা হয়েছে যে তারাও যে ভাষায় কথা বলে যদিও সেটা উত্তরবংগীয় ভাষা কিন্তু তারা অন। ভাষায় লেখে। কিল্ড সেটাই একমাত্র কারণ হতে পারে না। কারণ ইতিহাসের দিক দিয়ে যদি আমরা দেখি ভাহলে দেখবো যে পূর্ণিয়া বাংলার সংগ্র সংয্ক ছিল এবং তা ছাড়া যোগাযোগের কথা যদি বলা যায়, তাহলে ফরাক্কা ব্যাবেজ করে হবে এবং রেলওযে লাইন করে গৈরি হবে তাব উপর নির্ভাগ করে এবং তার জন্য অপেক্ষা করে থাকলে আমাদের চলবে না। আমাদের যোগাযোগ বাবস্থা এখনই বিপ্রস্তুত এবং তা এখনই স্থাপনের প্রয়োজন। সেনেনা কেবলম র ঐট্যক আমাদের প্রয়োজন নয়, সমুহত জেলাটাই আমাদের প্রয়োজন। এবং কাটিহারটাও তার সংখ্যা আমাদের দরকার। শুধু তাই নয়, সাঁওতাল পরগণার যে অংশে সাঁওতালদেব বাস সেই এলাকাটাও আমাদের প্রয়োজন। শা্ধ্যু প্রয়োজনই নয়, অনেক বক্তাই বলে গেছেন যে সেখনেকাৰ সভিতালদের দিবতীয় মাতৃভাষা বাংলা। শুধু তাই নয় সাঁওতাল প্ৰগণাকে যদি বাংলাৰ মধে। আনা যায় তাহলে অধিকাংশ ভারতের সাঁওতালই এক এলাকার মধ্যে এসে যায় এবং তার ফলে কৃণ্টিগত-ভাবে তাদের উপ্লতি করবার সম্ভাবনা সম্মিধক। সত্তরাং সংওতাল প্রগণা কেবলমার বাংলার স্বার্থের জন্য নয়, সাঁওতাল সম্প্রদায়ের বিশেষ কল্যাণের দিকে লক্ষ্য রেখে এই এলাকা বাংলার মধ্যে আসা প্রয়োজন।

[6-15-6-25 p.m.]

এ ছাড়া ধলভূমের যে এলেকা সে সম্পর্কে বলা হয়েছে যে সেখানে বাংলাভাষাভাষীর সংখ্যাধিকা স্তরাং সেটা বাংলায় না আসার কোন কারণ নাই। যে কমিশন এও দায়িৎসম্পন্ন ও মর্যাদাসম্পন্ন ব্যক্তি দ্বারা গঠিত তাদেব কাছ থেকে এরকম একটা রিপোর্ট বেরোবে ওা বাংগালী আশা করতে পারে নি। বিশেষ করে এ বিষয়ে আমি বলতে চাইছি যে, কমিশনের যে চেয়ারমান ফজল আলি তিনি বিহারের অধিবাসী বলে বাংলা ও বিহার সম্বন্ধে বিশেষ কিছু বলতে ঢান নি কিছু আমি জানতে চাই তিনি বিচারপতি থাকাকালীন বিহারী ও বাংগালী সম্পর্কে যে সমুষ্ঠ মামলা হয়েছে তাতেও তিনি সে পুর্প্থা অবলম্বন করেছেন কিনা? স্তুরাং আমি একথাই বলবো তার যে আচরণ বা কাজ তার এই স্টেটমেন্টএর ফলে তার মর্যাদা থানিকটা ক্ষুয়াই হবে। আজ এখন যে উচ্চক্ষমতাসম্পন্ন কমিশন রয়েছে যাতে ভারতের বিশিষ্ট নেতাদের হাতে রাজ্য পর্নগঠিনের ভার দেওয়া হয়েছে তাতে আশা করি এবং দেশের জনতাও আশা করে যে বিচারে তারা স্বর্গরুম নিরপেক্ষতা দেখাবেন এবং আমরা বিশ্বাস করি যে সম্পূর্ণভাবে কোন রাজ্য বা প্রদেশের প্রতি কোন পক্ষপাতিত্ব না করে নিজেদের মতামত দেবেন। এবং সেই নিরপেক্ষ বিচারের ফলে বাংলাভাষাভাষী যেসব অঞ্চল আছে সেই সমুস্ত অঞ্চল বাংলাতে ফিরিয়ে দেবার প্রথা অবলম্বন করবেন।

81. Amarendra Nath Basu:

মাননীয় অধাক্ষ মহোদয়, রাজ্য পুনুগঠিন কমিশনের সিন্ধান্তের উপর আমরা এই কর্মাদন ধরে এখানে আলোচনা করছি। আলোচনার মধ্য দিয়ে এটা পরিৎকার হয়ে গিয়েছে যে বাংলার বিধানসভার এবং বাংলার প্রত্যেকটি মানুষ, কেহই বাংলা সম্বন্ধে যে সিম্ধান্ত কমিশন করেছে সেটা গ্রহণ করতে পারছেন না। এই কমিশন বহু ক্ষেত্রে সঠিক সিম্ধান্ত উপনীত হয়েছেন বটে কিন্তু কেন জানি না বিহারের, আসামের, উড়িষাার, বাংলার ব্যাপারের এমন সিম্ধান্ত গ্রহণ করলেন? আমার অনেক বন্ধু অনেক কথা বলেছেন, আমি শুধু একথাই বলব যে, তারা এদিক রাখি কি ওদিক রাখি এই ভাবতে ভাবতে একটা জোড়াতালি দিয়েছেন। কিজনা এই কমিশনের প্রয়োজন হল? শুধু ভারতবর্ষকে পুনুগঠিন করবার জন্য। ভারত কোনদিন মহাভারত ছিল না। অনেকবার চেণ্টা হয়েছে ভারতকে মহাভারতের রূপে দেবার, কিন্তু পথ ভুল হওয়ায় প্রত্যেকবার বার্থা হয়েছেন।

আমি বলব ভারতবর্ষের মধ্যে একতা আনবার ইচ্ছা থাকলেও ভারতবর্ষকে এক করবার ইচ্ছা থাকলেও তা হয় নি। ইংরাজরা এই ভারতবর্ষকে শেকলে বে'ধে দেখাতে চেয়েছিল যে, ভারতবর্ষ এক এবং আমরা ভারতবর্ষের সম্রাট। কিন্তু সতাই সেই ভারতবর্ষ ঐকাবন্ধ শক্তিশালী ভারতবর্ষ ছিল না। ভারতবর্ষে প্রথমে এক হবার ইচ্ছার আভাস দেখতে পাওয়া যায় ন্বাধানতা আন্দোলনের সময় ইংরাজকে এই দেশ থেকে তাড়াবার সময় ভারতবর্ষের উত্তর থেকে দক্ষিণ, প্র্ব থেকে পশ্চিমে প্রতোক ভারতবাসী একসঙ্গে ভাই ভাই হয়ে দাঁড়াবার চেন্টা করেছে। সেদিন তারা ভেবেছিল, "ভারত হামারা দেশ হাায়"। এই স্ব্র্হল ভারতবর্ষের মিলবার ইচ্ছা, মহাভারত স্থিত করবার ইচ্ছা।

মাননীয় অধাক্ষ যহাশয়, আজ ভারতবর্ষ বিদেশী শাসন থেকে মৃত্ত হয়েছে, আজ ভারতকে न्छन तुर्भ आभवा प्रथए भाष्टि। आकरकत এই आलाइना मृध् वाश्वा करहे कु क्षी भारत् আসাম থেকে বিহার থেকে কতট্কু জমি পাবে এটা নয়। আজকে আলোচনা হচ্ছে সারা ভারতবর্ষকে কিভাবে গড়তে হবে, সে কিরকম ভারতবর্ষ। সেই ভারতবর্ষ হবে আমানের ভারতবর্ষ। এই ভারতবর্ষে সমাজতন্ত্র প্রতিষ্ঠা করবার জন্য এবং সমাজতন্ত্র প্রতিষ্ঠা করে একটা ভারতবর্ষ গড়ে তোলবার জনা আজকে প্রয়োজন ভাষার ভিত্তিতে প্রদেশ গঠন করা। ভাষা, মার দুধে যেমন মিঘ্টি, মার দুধে যেমন শিশুকে শক্তি এনে দেয়, ভাষাও তেমনি মানুষ্কে মান্য করে তোলবাব প্রথম সহায়ক ও সহযোগিতা করে। আজকে আমবা সেইজনাই চাই। অর্থানৈতিক কারণ নয়, প্রশাসক কারণ নয়, শা্বা একমাত্র ভাষার উপর ভিত্তি করে প্রদেশ গঠন করা, তার মধ্যে দিয়ে প্রত্যেক মান্য নিজেকে গড়ে তুলতে পারবে। একটা মান্য গড়ে তোলার সংগ্র সংগ্র একটা প্রদেশ গড়ে তলতে হবে। সেইজনা আমরা সংগ্র সংগ্রে এই কথাও বলছি গ্রামগ্রলিকে এককর্পে গ্রহণ করা প্রয়োজন। গ্রামগ্রলিকে এককর্পে গ্রহণ করার প্রয়োজন এইজনা আগামী দিনে আমরা যেভাবে দেশ গড়তে যাব সেই গ্রাম ও গ্রাম পঞ্চায়েৎ হবে তার মূল শস্তি। সেই এক ভাষাভাষী গ্রামগর্নির মিলনের মধ্যে দিয়ে জেলা ও প্রদেশ গড়ে উঠবে এবং সেই এক ভাষাভাষী প্রদেশের, সমাজতন্ত্র ও সমাজবাবস্থার মিলনের মধ্যে দিয়ে সারা ভারত নাতন রাপ নেবে। এই যে মহাভারতের রাপ আমাদের সামনে রয়েছে তাকে সফল করবাব জনাই আমাদের দাবী। বাংলার এলাকার সংলগন বাংলা ভাষাভাষী এলাকা, বিহার ও আসামের বাংলা ভাষাভাষী এলাকা এইজন্য আমাদের দাবী।

[6-25-6-35 p m.]

যিনি আমাদের প্রধানমন্দ্রী তিনি বলতে গেলে সারা বাংলার কর্তা। তিনি ভূল পথে তাঁর দাবী উপস্থিত করে এসেছেন। ভাষার জনো নয়। কিন্তু তিনি চেয়েছেন শাসনের স্বিধার জনা, বাস্তুহারাদের জমির অভাবের জনা আর অর্থনৈতিক কারণে। আজকে শাসনের স্বিধার জনা দেশকে ভাগ করা, জোড়া দেবার কথা যারা বলেন, তাঁদের বলব শাসনের নামে, এই বাংলার ব্বকে ইংরাজ অনেক অত্যাচার করে গেছে। আজকে সারা ভারতবর্ষের প্রয়োজন হচ্ছে বাঙালী-দের শোষণম্ব করবার জনা, ভারতবাসীকৈ শোষণম্ব করবার জনা যেভাবে দেশ গড়া উচিত সেই-ভাবে দেশ গড়ে তোলা। শাসনের জন্য নয়, অর্থনৈতিক কারণে নয়। আজকের অর্থনৈতিক

রূপ যেভাবে আছে বেশাদিন সে রূপ থাকবে না। খুব শীঘ্রই এর রূপ পরিবর্তন হবে। সেইজন্যে এই দুটি কারণ নিয়ে যারা দাবী করে এসেছেন তারা ভুল করেছেন। আমরা সেজন্যে ভাষাকে, সংস্কৃতিকে এবং সংলগ্ন এলাকাকে বেশী গ্রুত্ব দিয়েছি। গ্রামগ্রলিকে একক করে ধরলে আমি মনে করি খুব ভাল হবে। আমাদের দাবী এই এলাকার সংলাক অন্য প্রদেশের সমস্ত জেলার উপর কেউ বা মহকুমার উপর করার কথা বলেছেন। আমি ভেবে দেখেছি হয়ত এমন একটা জেলা আছে যেখানে শতকরা ৬০ ভাগ বাঙালী আর ৪০ ভাগ বিহারী থাকেন। সেখানে বাংলার সীমানার দিকে যাঁরা আছেন তাঁরা বংগভাষাভাষী এবং বিহার সীমানার দিকে যাঁরা আছেন তাঁরা হিন্দুস্থানী ভাষাভাষী। এইভাবে সমুস্ত জেলা মহক্মা ধরে যদি আমরা সকলকে বাংলায় আনবাব দাবী করি তাহলে আমরা বহু হিন্দী ভাষাভাষীকৈ আমাদের মধ্যে আনবার দাবী কর্বাছ। আম্বা চাই না যে, বিহারের মানুষকে আমাদের ভিতর নিয়ে আসি, যারা হিন্দী ভাষাভাষী বিহারী আছেন তাঁরা বিহারের উল্লতির জনা স্বাভাবিকভাবে তাঁদের এলাকায় থাকতে চান। আমরা তাই প্রাণের কথা বলি। আরু একটি কথা হচ্ছে এই যে, বাংলা এলাকার মধে। যাঁরা আস্তেন গ্রাম্কে একক করে ধরে নিলেও বহা হিন্দুস্থানী আমাদের মধ্যে এসে পড়বেন। সেজনো আজু আমাদের করা উচিত, এটা ঘোষণা বলা উচিত এই বাংলার মধে। যাঁরা বিহারী আছেন, যাঁরা সাঁওতালী **আসবেন, যাঁ**রা ব**ংগ** ভাষাভাষী নন, এমন যারা রয়েছেন বা আসবেন তাদের সকলেব সাবিধার জনা, তাদের ভাষা সংকৃতি রক্ষার জনা, তাঁদের জাবন্যাত্রার মান উল্লত করবাব জনা বিশেষ কিছ**ু বাব>থা করা** হবে। আর একটি কথা বলব। আমবা কখনও বলি না দাজিলিং বাংলার বাইরে। দাজিলিং বাংলার ভিতরে এবং সেখনে পাহাড়ী ভাইয়েরা বাঙালী, কিন্তু তাঁবা বাংলায় কথা বলেন না। নিজের ভাষাতেই তাদের শিক্ষার বাবস্থা করা থোক, তাদেব নিজেদের আচারবিচার ভাষা-সংস্কৃতি রক্ষা করা প্রয়োজন, তাদের উন্নতির জনা বিশেষ বাস্থার প্রয়োজন, তাদের উন্নতির জন্ম বিশেষ স্ক্রিধা দেওয়ার প্রয়োজন। ২০জ যেসব এলাকার কথা বলা হয়েছে অসামের মধ্যে গোয়ালপাড়ার কথা, সাওতাল প্রগনা, ধানবাদ, সিংভ্যু ধলভূম এই সব এলাকার বাংল'ভাষাভাষী এল'কা বাংলার মধ্যে নিয়ে আসা উচিত, না যদি আনতে পারি তাহলে শ্রে আমাদেৰ ক্ষতি হবে তা নয়, এই এলাকাৰ মধ্যে যাৱা ব্যেছেন বংগভাষভাষী তাঁদেৰও ভাতাইও ক্ষতি হবে। এদিক থেকে আমাদের আন্দোলন জোবদার কবতে হবে। আমাদের দাবীকে মিটাবাৰ জন্য বাংলার সকল মতেব লোককে একসংগ্র, এক ভাষায়, এক কথায় দড়িতে ২তেঃ যিনি যে দলের হোন আশা কবব এই সালোচনার পর তাবা মিলিত হবেন এবং মিলিত হযে বাংলার বাংলা কথায় এক ভাষায়, তাঁদের দাবী। ভারত সবকাবের কাছে জানাবেন। এই চেষ্টা করা আমাদের একাস্ত কর্ত্ব। বলে মনে করি। আন্দোলন করতে হবে, আন্দোলন বাইরে অছে। সেই আন্দোলনের মধ্যে যেন শৃত্থলা থাকে। সেই শৃত্থলা সবতোভাবে বজায় রেখে আৰু সামাদের একমত হয়ে একটি দাবী ভারত স্বকাবেব কাছে পাঠান উচিত বলে আমি মনে করি। আমি মনে করি মন্য ভাষাভাষা এলকোম বিহার, আসাম এবং মন্যান্য সংলগন এলাকায় যে সমস্ত বাঙালী আছে সকলে বাংলায় আসুক। এই কথা বলে আমি সকলের সজে একমত হয়ে আমার বন্ধবা শেষ করলাম।

Sj. Keshab Chandra Mitra: Hon'ble Mr. Speaker, Sir, I have heard many of my learned brother M L.As' advancing arguments based on equity and cogent reasons against the Report of the States Reorganisation Commission. Like my predecessors, I would also emphasise that the report is disheartening to the people of West Bengal, because of the step-motherly treatment meted out to them. The report far from soothing the agonising effect caused by the partition of Bengal by the Radclift Award, has created an atmosphere of distrust, troubles and unrest in the minds of the people of West Bengal including the unlucky and wretched displaced persons from East Bengal migrating into West Bengal. Hon'ble Mr. Speaker, Sir, I am afraid that the present psychology of the people of West Bengal including the displaced persons is such that troubles may flare up at any moment creating havoc and bringing in utter ruin and distress among them.

Hon'ble Mr. Speaker, Sir, I would like to state that the recent announcement regarding the appointment of a High Power Committee to give an award on the report of the States Reorganisation Commission is only a mockery as by no stretch of imagination it can be presumed that the said Committee will do anything better than the States Reorganisation Commission. Utmost that the High Power Committee can do, will be to follow the steps of the States Reorganisation Commission Report. I would therefore like to draw the pointed attention of our beloved Prime Minister, Shri Jawaharlal Nehru, to the present circumstances prevailing in the State of West Bengal with regard to the misfortunes of the displaced persons and to the cogent arguments advanced by the press of West Bengal and other States of India and by the members of the West Bengal Legislature and to take upon himself the entire responsibility of the organisation of the different States of India, to which we must subscribe our whole-hearted consent.

(6-35-6-45 p.m.)

Hon'ble Speaker, Sir, we note with utmost regret that the reputed personality like Shri Fazl Ah, Chairman of the States Reorganisation Commission, refrained from taking part in the deliberations relating to the question of Bengal-Bihar border readjustments because of his long and close relations with Bihar, which he should not have done, rather he should have resigned from the said committee before making such commitment in maragraph 676 of the States Reorganisation Commission Report. If the President of the States Reorganisation Commission could not rise above the level of an ordinary man, I should say it is a regret that I am afraid in the aforesaid circumstances and in the considered judgment (paragraph 676) of Shri Fazl Ali, the custodian of equity, justice and good conscience throughout his life, no Indian could act as a judge in the States Reorganisation Commission.

Hon'ble Speaker, Sir, I will finish with a few words more. The States Reorganisation Commission has reported that West Bengal will have to give an undertaking to the people of Kishengunj if that area has to be coded to West Bengal but queer and strange it is that no such undertaking was proposed to be demanded from Assam, when the Bengalispeaking area of Tripura was proposed to be made over to Assam though it was well known to the members of the States Reorganisation Commission that in Goalpara many atrocities were perpetrated, the victims being the Bengalis. The person in power in Bihar and Assam including members of the Congress Working Committee belonging to Bihar and Assam have been throwing gallons of venom and inciting hatred against the Bengalis and their legitimate claims on the areas of Bihar and Assam, as if West Bengal is not a part of India and as such there appears to be no sisterly relations between the different States of India. The members of the States Reorganisation Commission as it is evident from the report, were possessed with hesitation and hopelessly failed in their duty to cut out slices from the States of Uttar Pradesh and Bihar as if that would tantamount to the physical injury to the Prime Minister and the President and the final result was that the legitimate demands of West Bengal were neglected and thrown out. Hon'ble Speaker Sir, our West Bengal is distressed with the large influx of displaced persons from East Bengal and yet the Commission did not care to show the slightest sympathy for the unfortunate refugees. Mr. Speaker, Sir, with few words more I would finish my say and that is: Are not the 40 lakhs of the displaced persons entitled to be counted amongst the 36 crores of Indians? In all fairness these displaced persons should not be allowed to live like the nomads, just like the Jews of Europe. Should the displaced persons including young girls and children coming from the ever-green Gangetic plains of Bengal and the granaries of India (East Bengal) go in search of food and shelter to the deserts of Kota and die there in millions to lighten the burden of the Indian Exchequer and ultimately get their places in the pages of Indian History to be lamented upon by the posterity? Is this the considered judgment of the 36 crores of Indians?

My request, therefore, to my friends in this House and to the people of West Bengal including my unfortunate brothers and sisters displaced from East Bengal would be not to rely on any such whitewashing committees but to depend on our own strength and capacity with a firm determination and honesty of purpose to extend our legitimate borders by all possible means.

With these words I take my seat.

Dr. Krishna Chandra Satpathi:

মাননীয় স্পীকার মহাশয়, স্টেটস রিঅর্গানাইজেশন কমিশনএর বিপোর্টের কথা বলতে গেলে, প্রথমে মনে পড়ে যে এটা হাই পাওয়ার কমিশন নিযুক্ত হয়েছিল কেন্দ্রীয় সরকারের তরফ থেকে। কিন্তু এদের মিশন ছিল খ্রই হাই, সে বিষয়ে কোন সন্দেহ নাই। কাবণ আমরা দেখতে পাই, যথন এ'দেব বিপোট প্রকাশ কবলেন, তথন প্রতোকটি দিকে দিকে দেখা গেল তাদের একটা মিশন তাঁরা ফ্লফিল কণ্ডেন যে স্টেটস রিঅর্গানাইজেশন কমিশন হ'ক বা না হ'ক,

they let loose hooliganism, communalism and provincialism.

এর প্রত্যক্ষ প্রমাণস্বর্প আমি বলতে চাই যে ভারতবর্ষের বন্দের রাজ্যে, বিন্ধা প্রদেশে, সেণ্টাল প্রদেশে, পাঞ্জাবে, বাংলায়, আসামে এবং বিহারে এর প্রত্যক্ষ রিএাকশন এখনি শ্রুর হয়ে গিয়েছে। আমি আশ্চর্য হয়ে যাই, এই ভেবে যে, যারা হাই পাওয়ার কমিশন নিযুত্ত হলেন তাঁরা তাঁদের স্চিন্তিত অভিমত শ্বারা কি স্কল এবং রাজ্য গঠনের যে ভিত্তি ধরে নিয়ে, তাঁরা যে আলোচনা করেছেন তার মধ্য দিয়ে তাঁরা কি উন্দেশ্য সাধন করতে চেয়েছেন সেটা অন্ততঃ আমরা বাশ্যালারীরা ভেবে পাই না।

প্রথম কথা এই, বাংলা ও বাংগালীর প্রশ্ন বিচার করতে গিয়ে কমিশন অত্যন্ত অন্যায় করেছেন এবং সেই দিক থেকে যদি আমরা বিচার করে দেখি তাহ'লে দেখতে পাব তাঁরা বিহারের জন্য যে পরিমাণ ওকালতি করেছেন, আসামের জন্য যতটা ওকালতি করেছেন, তার তুলনায় পশ্চিম বাংলার জন্য ততটা স্বিচার আদৌ করেন নাই। ১৯৫১-৫২ সালে আমাদের কেন্দ্রীয় সংসদে রাজ্য প্রন্যঠন সংক্রান্ত আলোচনাকালে ভারতের মহামানা নেতা ডাঃ শ্যামাপ্রসাদ ম্খার্জি ঐসমন্ত দিক আলোচনা ক'রে অকাটা য্রিজ দিয়ে বাংলা এবং বাংগালীর দাবী প্রতিষ্ঠিত করেছিলেন। সেই কথা বোধ হয় কেউ বিশ্বতে হন নাই।

[6-45-6-55 p.m.]

আমি আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে, এই হাউসের সমসত সদস্য বহু তথা ও শ্রমণের দ্বারা তাঁরা প্রমাণিত করেছেন যে, কমিশন বহু জারগায় স্ববিরোধী উক্তির দ্বারা নিজেদের উদ্দেশ্য বার্থা করেছেন ব'লে আমি মনে করি। এবং এটা বাংলা ও বাংগালীর পক্ষে অত্যুক্ত নৈরাশাজনক সে কথা না বললেও সকলে বোধ হয় ব্রুতে পেরে থাকবেন। এমন কি ডাঃ মুখার্জি বন্ধন কেন্দ্রীর সংসদে বাংলার দাবী প্রতিষ্ঠিত করলেন, তখন বাংলার কংগ্রেসী সদস্যরা ভাষাভিত্তিক রাজ্য প্নগঠনের যে প্রস্তাব ছিল, তার বির্দেখ ভোট দির্মেছলেন। এটাও বোধ হয় মাননীয় সদস্যরা বিস্মত হন নাই। কিন্তু সেদিনের প্রশাস্তির আজ তাঁদের করতে হবে। অত্যুক্ত প্রথের কথা যে, বাংলার বাংগালীরা প্রকৃত নেহুছের অভাবে জাতির যা সমস্যা তা শীঘ্র সম্মাধানে অগ্রণী হতে পারছে না। পশ্চিমবংগার মুখামন্দ্রী,—হয়ত, রুড় ভাষা হয়ে যাবে,— আমি বলব তাঁর উদারতায় কংগ্রেসের যে এপিজমেন্ট পলিসি, এবং ক্লৈব্য নীতি তার ছায়াতলে পর্টেও বাংলার এবং বাংগালীর শুনুধ্ সর্বনাশই করেছেন। এবং সেই সংগ্রে এ কথাও বলব

বে, প্রদেশ করেছেন। এ নিয়ে অনেক কথার আলোচনা হয়েছে, কিন্তু একটা কথা আমি সদৃস্যদের স্মরণ করিছেন। এ নিয়ে অনেক কথার আলোচনা হয়েছে, কিন্তু একটা কথা আমি সদৃস্যদের স্মরণ করিয়ে দিতে চাই—ধলভূমের কথা অনেক সদস্য আলোচনা করেছেন, ভাষার দিক দিয়ে ভারা বাংলারই অধিবাসী ছিল, এবং তারা আবার বাংলার সংগ্রেই হ্র ইবার জন্য উৎস্ক। এবং সেজনা সংগ্রাম করতেও পশ্চাৎপদ নয়। কিন্তু সেখানকার কংগ্রেস কমীরা ষখুন বাংলার দাবী সমর্থনে আন্দোলন করতে প্রকৃতই প্রস্তুত আছে ব'লে স্বীকার করেছিল এবং তথন বাংলার কংগ্রেস সভাপতির নিকট এই সাহায্য চেয়েছিল যে বাংলাদেশের সংবাদপ্রগর্মল যেন তাদের সাহায্য করে। কিন্তু বাংলাদেশের কংগ্রেস সভাপতি তা করেন নাই। এস,আর,সির কমিশনারদের নিকট যখন তারা সাক্ষী দেবার জনা প্রস্তুত হয়েছিল সেই সময় এখানকার কংগ্রেস সভাপতি সেখানে গিয়ে হাজির হন, তাঁকে অভার্থনা দিতে ও অভিনন্দন করতে তাদের সাক্ষ্য গ্রহণের নির্ধারিত যে সময় ছিল তা উত্তীর্ণ হয়ে গেল। তথন তিনি উপদেশ দিয়ে এলেন এখানে কোন সাক্ষী না দিয়ে দিয়ী চল এবং মোলানা আজাদ প্রভৃতি নেতাদের কছেব্য পেশ কর—তাতেই স্থিবচার পাবে। আশ্চর্যের বিষয় এই যে, হাতের কাছে যে কমিশনাররা ছিলেন তাদের কাছে না গিয়ে দিয়ী যেতে তাদের তিনি উপদেশ দিলেন এটা অত্যন্ত দ্বংশ্বের বিষয় যে সেখানকার কংগ্রেস কম্বীরা প্রতারিত হয়েছেন বাংলাদেশের কংগ্রেস সভাপতির ভ্রারা।

মিঃ স্পীকার, স্যার, তারপর বিহারে যথন বাংগালীদের উপর, বিশেষ ক'রে মানভমের বাজ্যালীদের উপর নির্যাতন চলে তথন ডাঃ রায় গেলেন রাঁচীতে: সেখান থেকে ফিরে এসে তিনি বললেন সেখানে বাজ্গালী-বিহারী সমস্যা বলতে আর কিছু নাই, সব কিছু মিটে গেছে। যথন কংগ্রেস সরকার "হিন্দী রুশী ভাই ভাই" করছেন তথন ঘরের মধ্যে ভাইয়ে ভাইয়ে তুমুল কান্ড আরম্ভ হয়েছে। বাণ্গালীর স্বভাবসিম্ধ উদারতা ও কৃষ্টি রয়েছে, সে কোন রকম গ্রন্ডামী করে নি. কিন্ত বিহার সরকার যেভাবে বাঙ্গালীদের উপর অত্যাচার করছেন তার বিচার কেন্দীয় সরকার করছেন না। অথচ তাঁরা বলেন "হিন্দী রুশী ভাই ভাই" কিন্তু বিহারে বাণ্গালী ভাইয়েরা যথন উচ্চনে যায় সেটা সম্বন্ধে জওহরলালের কাছে যখন বলা হয় তথন তিনি বলেন—এটা হচ্চে বাঙ্গালীর ও বিহারীর সমস্যা, আমার এতে কিছু করবার নাই। ঠিক সেই অবস্থা ঘটেছে আসামের গোরালপাডার, সেখানকার সম্বন্ধে এস.আর.সি. আলোচনা করেছেন ঐতিহাসিক ভিরিতে গোয়ালপাড়া সম্বন্ধে কমিশন বলেছেন এই স্থান বহুবার হস্তান্তর হয়েছে, কখনো বাংলায় কখনো আসামে। ইংরেজ সরকারের প্রসাদে যে অবস্থার সূষ্টি হয়েছিল সেটার জন, কি বাঙ্গালী দায়ী? আর একটা কথা আমি এখানে বলছি, ধলভূম এবং গোয়ালপাড়া এই দু:টি জায়গা সব সময়ই দুই প্রদেশের সীমান্তবতী স্থান হওয়ায় যে বহু বার হাত বদল হয়েছে সেটা ঐতিহাসিক বিবরণ থেকে তারা জানেন ব'লেই ব্রেছিলাম, কিন্তু তব্ তারা বলেছেন এ দুটি বাংলাকে দেওয়া যায় ना। প्रिया स्ममात ভिতর দিয়ে একটা করিডর দেবার বাবস্থা হয়েছে। কি রকম স্ববিরোধী ব্রিক্ত তা বলছি। কিন্তু গোয়ালপাড়া ও ত্রিপ্রা ও কাছাড় জেলার মধ্য দিয়ে সংলগনতা নাই বলৈ धवर जाम्हर्यत कथा य वारमात अधानमन्त्री मारी करतन नि व स्म वारमातक मिर् ताकी इन नि অর্থাৎ তাঁরা বলতে চেয়েছেন যে বাংলা গভর্নমেন্ট বা বাংলা কংগ্রেস যেহেতু চায় নি অতএব এ দেওরা যায় না। যেন বাংলা সরকার যা চেয়েছেন তাই তারা দিয়েছেন। তারা বলতে চেয়েছেন ষেহেতু তারা চায় নি তাই পারে না। যদি উত্তরবংশের সংশ্য দক্ষিণবংশের সংলানতা নাই বালে অতি কুপাপরায়ণ হয়ে সামান্য একট্খানি করিডর দেবার ব্যবস্থা করে থাকেন তাহ'লে গোয়াল-পাড়া ও চিপ্রের ভিতর লুসাই হিল ও গারো হিলের ভিতর দিয়ে বাংলার সঙ্গে সংলক্ষ্যভা बकाब वारम्था कता राम ना? अवर भारता रिम ७ मामारे रिम अ मारोहे वारमा अस्तरमञ्जू अम्जर्शक ভিন্ন এটা ঐতিহাসিক সতা। আজকেও তাদের বে ভাষা—তাদের দ্বিতীয় ভাষা বাংলা আসামী ভাদের ভাষা নর। কাজেই তারা আজ র্যাদ আসামের সপো যার তাহ'লে তাদের আসামী স্তাষা শিখতে হবে এবং বাংলার সপো থাকলে বাংলা ভাষা শিখতে হবে। সে ত একই কথা। কিন্তু अभारन এकটा वावन्था करतहरून अथह अभारन कतरनन ना।

ভূতীর কথা বলা হরেছে বে, জামসেদপ্রে এবং মানভূমের ভিডর চাস থানা এবং ধানবাদ সম্প্রেশ বলা হরেছে বে এগ্রেলা গেলে বিহারের অর্থনীতি বিপর্যস্ত হবে। অভ্ভূত কথা! বাংলা আন যে ম'রে বাছে ডার অর্থনীতি নিরে! তা সন্তেও বিচার হ'ল যে বিহারের অর্থনীতি

বিপর্যস্ত হবে। আমি বলব বিহারের কোন দিন স্বাধীন অর্থানীতি ছিল না। তাদের চিরকাল কলিকাতা এবং দিল্লীর উপর নির্ভার করতে হয়েছে। তাদের যা কিছু বাণিজা ও যাতারাতের বাবস্থা সমস্তই নির্ভার করে এই কলিকাতার লাইনে। আজ অর্থনীতির দিক দিয়ে যদি তালের উপ্রত করতে হয় তার দায়ি**দ কেন্দ্রীয় সরকারের ও বিহার সরকারের।** তারজনা বাংলার প্রতি অবিচার কেন হবে? আমাদের মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায় আমাদের বাংলার আইনসভার চিরকালই শ্রনিয়ে এসেছেন যে বাংলার অর্থনীতির সর্বনাশ হয়ে যাচ্ছে, কেন্দ্রীয় সরকার স্বিচার করছেন না। এটা সত্য কথা। অন্যান্য প্রদেশে কৃষিজাত দুবোর উপর তাদের রাজসেরকারের স্থে অধিকার আছে বাংলার বেলা সম্পূর্ণভাবে সেটা অস্বীকার করা হয়েছে এবং অভান্ত অনাার ও অবিচার যে করা হয়েছে সে সম্বন্ধে এস.আর.সি. রিপোর্টে উল্লেখ করা হয় নি। আজ বাঙ্গালী এবং বাংলাদেশের পক্ষ থেকে কোর্নাদনই কেন্দ্রীয় সরকারের কাছ থেকে -কংগ্রেস সরকার সেখানে প্রতিষ্ঠিত—এবং কংগ্রেসের তরফ থেকেও কোনদিন বাংলার প্রতি স**্**বিচার করা হয় নি। তার পরিণাম হয়েছে পর্ব পাকিস্তানে है অংশ চলে গেছে। আর আজ যখন বাংলা দাবী করছে তার নিজম্ব জিনিসটাুকু যেটাুকু সব সময়েই বাংলাদেশের ছিল-বিহারেব কোন অংশ ত দাবী করছে না বা আসামের কোন অংশও দাবী করছে না যে আমাকে দাও তথন কেন তা শোনা হবে না? আজ এই হাউসেব সমসত সদসোর মিলিত দাবী মানভূম সমগ্র জেলা, ধলভূম জামসেদপুর সহ, সাঁওতাল-পরগণার পার্বাংশ এবং কিষাণগঞ্জ মহকুমা এবং গোয়ালপাড়া, কাছাড় এবং গ্রিপরো। তার সংখ্য আন্দামান এবং নিকোবর এই দু'টো ন্বীপও দাবী করছে। এরমধ্যে প্রের জায়গা নেবার কথা ওঠে না।

[6-55—7-5 p.m.]

আশ্চর্যের ব্যাপার! আজ বিহার গভন মেণ্ট বা আসাম গভন মেণ্টএর কাছে আমাদের যে জিনিসটক গচ্ছিত ছিল তাই আমরা ফিরে চাচ্ছি। দ্রাত্বিরোধের সঙ্গে বাৎগালীর কোন সংস্পর্শ নেই। বাজ্যালী কোন জাতি বা সংলগন কোন রাজ্যের সঙ্গে ঝগড়া করতে চায় না। সে চায় তার ন্যাষ্য প্রাপ্যটাকু নিজম্ব যেটাকু তার ছিল সেইটাকু পানার দাবী সে আজকে করছে। আজ বড়ই দ্বঃখের কথা যে, বাংলার বহা সমস্যা আছে। বাংলার আশা ছিল একদিন সেই সমুষ্ঠ সমস্যার সমাধান হবে স্বাধীনতা পেলে পর, কিন্তু স্বাধীনতা পাবার পর বাংলার উপর কি কংগ্রেস, কি কেন্দ্রীয় সরকার, সর্বদাই অত্যাচার, অবিচার, অন্যায় জ্বরদস্তী চালিয়ে যাচ্ছে। এস,আর,সি, রিপোর্টএর মধ্যেও আমরা সে জিনিস দেখতে পাই। সেজনা আমি বলছি এস,আর,সি, রিপোর্ট হাই পাওয়ার কমিশন কর্তৃক রচিত এটা সত্য যে এর হাই মিশন হচ্ছে বাংলাকে হতসর্বন্দ্র ক'রে এবং সম্পূর্ণভাবে বিকলাণ্য ক'রে ম্যাপ থেকে মুছে ফেলা। সেইজন্য এস আর সি র বির দেধ আমাদের অভিযোগ—ভাষাভিত্তিক তথ্যের দিক দিয়ে, ভৌগোলিক সংশিল্ভতার দিক দিয়ে, নৈস্গিক, প্রাকৃতিক সীমারেখার দিক দিয়ে, অর্থনৈতিক সংস্থানের দিক দিয়ে, প্রশাসনিক ব্যবস্থার দিক দিয়ে, সাংস্কৃতিক সাদ্দোর দিক দিয়ে, সামাজিক আদান-প্রদান, বৈষয়িক বিধিব্যবস্থা এবং নিরাপত্তা বিধানের দিক দিয়ে—এই সকল দিক দিয়ে আমরা **ৰল**বো বে. এস.আর.সি. রিপোর্টএ তারা সম্পূর্ণভাবে বাংলার উপর অন্যায় অবিচার **করেছে**। আমাদের যে দাবী সেটা অভ্যন্ত ন্যারসপাভ দাবী, তার বিসংখে ন্তন করে বলবার কিছে: लचीह ना। करत्रकीमन भूरद मिछे दिभाग आस्त्रामित्त्रमन ১৯৪৮ माल विदास्त्रत मन हास्राह्म বর্গমাইল চেয়েছিল, নলিনীরঞ্জন সরকারের স্মারকলিপিতে বোল হাজার বর্গমাইল চাওয়া रहाइन, उराम्ये त्रभन कारमन्दीन ১৯৫২-৫০ माल मारे अक्टे मारी छेचाभन कर्दाइन কিন্তু ওয়েন্ট বেশাল প্রতিনিসরাল কংগ্রেস কমিটি তারা চেয়েছিলেন ১৩ হাজার ৯৫০ বগমাইল এবং ওয়েন্ট বেণ্সল গভর্নমেন্ট কমিশন দাবী করেছিল প্রায় বার হাজার, কিন্ত এস,আর,সি, করলেন কি—সমস্ত আলোচনা ক'রে শেষ পর্যন্ত বললেন যে, স্টেট গভর্নমেন্ট যা চেয়েছে তার এক-তৃতীরাংশ বা প্রভিন্সিয়াল কংগ্রেস কমিটি বা চেয়েছে তার এক-চতুর্থাংশ। এটা কি ভিক্রা কোন ব্রত্তিতে তারা একখা বলেন? আইনের দিক দিয়ে, ব্রতিতর্কের দিক দিয়ে, ঐতিহাসিকতার দিক দিরে, ভাষা ও পরিসংখ্যান তথ্যের দিক দিরে, সমস্ত দিক দিয়ে কোন্ যত্তি দিয়ে তাঁরা একথা বলেন বে, ভিক্ষার স্বর্প এক-তৃতীয়াংশ বা এক-চতুর্থাংশ দেওয়া হবে। কংগ্রেস থেকে अक्षा बदावत वना दत्र द्य, वाभागी छिका कत्रहरू, वाभागी कीर्एक, किन्छ वाभागी कीरा मा।

বাশ্যালী দেখছে তার উপর অবিচার হচ্ছে কিন্তু কংগ্রেসী সরকার আজ্ব অন্যায় ও অবিচারের জ্ঞান পর্যক্ত হারিয়ে ফেলেছে। আমি একথা বলবো সমস্ত কংগ্রেসের বিরুদ্ধে এবং কংগ্রেস পরিচালিত সরকারের বিরুদ্ধে আমাদের অভিযোগ তারা সমস্ত অনাায়কে সমর্থন করে চলেছে। এর প্রার্থান্টর তাদের একদিন করতে হবে। আজু আমি অত্যন্ত আনন্দিত যে, হাউসএর সমুস্ত সদস্য-কি কংগ্রেস, কি বিরোধীদল-তারা সমন্টিগতভাবে একই দাবী জানিয়েছে। আজ আমি মাননীয় সদস্যদের কাছে এই এ্যাপীল করবো তাদের নিজের নিজের দলের আদর্শ এবং প্রন্থা হয়ত বিভিন্ন হতে পারে কিন্ত বাপ্গালী হিসাবে, বাংলার দাবী হিসাবে তারা সমন্ট্রিতভাবে আজ যে দাবী তুলতে পেরেছেন, সেই দাবী যদি গ্রাহ্য না হয় তাহ'লে পর আমরা একযোগে সমসত সদস্য মিলে বাংলার জনগণের কাছে বলবো যে, আজ কেন্দ্রীয় সরকার বাংলাকে এইভাবে প্রতারিত করতে চায় এবং তার প্রতিকারের ব্যবস্থা বাংলার জনগণ তাদের নিজের হাতে করবে। আজ বাংলার প্রতি বিশ্বাসঘাতকতা করেছেন ডাক্তার রায় এবং এই বাংলার প্রদেশ কংগ্রেসের সভাপতি। বাংলার প্রতি যদি কোন দরদ তাঁদের থাকতো তাহ'লে তাঁরা এইভাবে বিশ্বাসঘাতকতা করতে পারতেন না। আজ ধলভূমে বাংগালী এখন মার খেয়ে মরে, লোকসভার কমীরা মার থেয়ে মরে, সেথানকার বিধানসভার সদস্য এবং কেন্দ্রীয় পার্লামেন্টএর সদস্যরা যথন অপুমানিত হয় তখন আশ্চর্য হয়ে যাই, ভাবি যে বাংলার কংগ্রেস সভাপতির এবং প্রধানমন্ত্রীর তার জন্য এতট.কও মর্মবেদনা প্রকাশ পায় না। তাই আমি এই কমিশনএর রিপোর্টএর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করি। আমরা আজ বাংলার জনগণের কাছে এই কথা প্রকাশ করতে চাই যে, এই বাংলার কংগ্রেস সভাপতি এবং বাংলার প্রাধনমন্ত্রী কিভাবে বাংগালীর আশাআকাংক্ষাকে রুম্ধ ক'রে দাঁড়িয়েছেন। বাংলার প্রতি কিভাবে তাঁরা অন্যায় করেছেন একথা আমি সমুহত বাংলার কাছে তলে ধরতে চাই। আর কংগ্রেস কমিগণও তাদের শ্বারা প্রতারিত হয়েছে। সব সময়েই তাদের ভাওতা দেওয়া হয়েছে—তোমরা অপেক্ষা কর, কংগ্রেস হাই কম্যান্ড তোমাদের উপর স্মবিচার করবে এটা সম্পূর্ণ ধাপ্পাবাজী। তাই আমি বলবো যে যে মতেরই সমর্থক হন না কেন. বাংলার এই দাবী যদি প্রতিষ্ঠিত না হয় তবে ঠিক মহারাষ্ট্রের মত আমরাও সমুদ্রত একষোগে এই আইনসভা পরিত্যাগ ক'রে বেরিয়ে যাবো এবং আমরা দেখিয়ে দিতে চাইব যে বাংলা আজকে নেতহীন হ'লেও বাংলার ন্যায়া দাবী আদায় করবার ক্ষমতা বাঙ্গালীর আছে। বাশ্যালী বাঁচক, তাই লেই ভারতবর্ষ বাঁচবে। ভারতবর্ষের ক্ষতি করে বাংলা নিজেকে প্রতিষ্ঠিত করতে চায় না কিন্তু বাংলা আত্মপ্রতিষ্ঠিত হতে চায় শ্ধে বাংলার জন্য নয়, সমগ্র ভারতবর্ষের জন্য। আজ এস,আর সি, রিপোর্ট জাতীয় নিরাপত্তার হত্যাই হয়ে দাঁডিয়েছে ব'লে আমার ধারণা এবং সেইজনাই আজ সমস্ত দেশ, সমস্ত ভারতবর্ষ জুড়ে এত বিক্ষোভ। এই বলৈ আমি এস.আর. কমিশনএর রিপোর্ট এর তীর বিরোধিতা করছি এবং আমি আশা করি বাংলা জয়যুত্ত হবে।

Janab Golam Hamidur Rahaman: Mr. Speaker, Sir, we have been summoned in this session for the purpose of giving expression to our views on the States Reorganisation Commission's Report, and in giving my views, I will try to be very brief, specially when enough has been said regarding our demands for the territories of Bihar and Assam by my friends on both sides of this House. Our struggle for independence from the foreign yoke was started more than six years back by the Indian National Congress; and Bengal of all the Provinces in India took a leading part in the movement. So her sufferings and tribulations knew no bounds. The then foreign Government (Britishers) did all it could to suppress this natural craving of the Indian minds. Among other things Bengal which led this movement was sought to be partitioned in order to erecate communal problems to suit the purpose of the Imperialist Government. Out of greater Bengal present Bihar was created in the year 1912 as Iord Curzon's effort to partition Bengal on communal basis failed in the year 1905. It is a settled fact and nobody will deny that districts of Manbhum, Dhalbhum, Purnea and Santhal Parganas for which we placed our demands before the Commission were part and parcel of greater Bengal. Of this only a slice of Manbhum district, viz., Purulia excepting Chas thans

and a portion of Kishanganj in the district of Purnea including the Revenue thana of Gopalpur have been recommended for cession into Bengal. The terms of references to the Commission were not complied with by the States Reorganisation Commission especially in respect of the claims of West Bengal, and it is why we feel that justice has been denied to us. The portion of Kishenganj area recommended by the Commission does not help us to get a geographical contiguity with the district of North Bengal as some land to the east of Mahananda near Thakurganj falls in Pakistan. Therefore the recommendation is no solution for the existing grievances regarding communication and administrative difficulties.

Without including the Katihar subdivision of Purnea and some portions of Santhal Parganas as detailed hereinafter the rail link between the two parts of West Bengal cannot be usefully established.

[7-5-7-15 p.m.]

The present States Reorganisation Commission recommendations have on the contrary created fresh problems for West Bengal and the principle accepted by the States Reorganisation Commission vis-a-vis the link between the two parts can be implemented only on certain contingent development. It is still a matter of dispute whether at all we can have the Farakka barrage (and not a railway bridge) in view of the international aspect of the matter. Even if we accepted for the sake of argument that the Farakka barrage will be completed within a reasonable time, it has perhaps not been appreciated that such completion does not necessarily ensure a railway link between the two parts of West Bengal. Our contention is that the possibility of fresh railway link as implied in the States Reorganisation Commission recommendation requires to be examined here closely before we can come to the conclusion that the problem of link between the two parts can be solved.

The national highway may be of some advantage after further expenditure on construction of a number of bridges on the Ganges and the Mahananda. But the national highway can in no way solve the purpose of rail link whether on considerations of trade and commerce, military movement, etc. Even if the areas recently demanded by the W.B.P.C.C. be conceded the corridor problem would still remain to be solved. No rail link is possible directly from Malda to Barsoi due to the fact that the entire area is subject to annual inundation.

On the other hand, the existing railway link between the two parts of West Bengal via Santal Parganas and Katihar subdivision of Purnen is of great importance to West Bengal and can give an immediate and direct link. West Bengal's border coincides with that of Bihar at Pakur and the existing line runs upto Sakrigali Ghat. Across the Ganges again the line runs from Manihari Ghat to Katihar and from thence to Barsoi. This area lying about 12 miles away from Rajmahal coal fields is predominated by Bengali-speaking people. From West Bengal's administrative point of view, this link will be very useful while causing no economic loss to Bihar.

This existing railway line covers portions of Manihari police-station, portions of Katihar police-station lying to the east of the line, and portions of Katwa police-station and whole of Ajinganj police-station.

Under the present arrangement, that is, if the existing rail link be not conceded and even after the completion of Farakka barrage, the railway will leave West Bengal near Rajganj, continue in Bihar upto Dalkhala and then again enter Bihar for three stations, Thakurganj, Galgalia, etc., and then again into West Bengal near Siliguri.

Above all what strikes me most is the condition imposed by the States Reorganisation Commission for the safeguard of the Muslim population of the Kishenganj area. It is still more surprising that the Bihar Assembly adopted a resolution opposing the States Reorganisation Commission recommendation by saying that since the culture and social habit of Kishenganj Muslims are not one and the same with those of Muslims of West Bengal, they will not yield an inch of the land without plebiscite. We raise our voice of protest against this sort of remark and say emphatically that the resolution itself is vitiated by communal feeling so decried by the well-wishers of our country.

We Muslims of West Bengal have identical culture so far our religion is concerned with all the Muslims of the world.

I belong to Raiganj, a place contiguous to Kishenganj area, and I claim to know Kishenganj people more than anybody else. I have connection with some of the distinguished families of Kishenganj. Not only mine but several other relations of mine in West Bengal have matrimonial connections both ways with Kishenganj Muslims. Besides, Sir, I feel that the shedding of tears of Bihar Government for the Muslims of Kishenganj is purely hypocritical. Their argument that the Muslims of Kishenganj will not get fair deal in West Bengal is a distinct aspersion on our Government and we as Muslims of West Bengal do challenge it most emphatically. The Indian Constitution has guaranteed us equal rights and we are proud to enjoy them equally with all our brothers of the other community.

We are still in an infant stage and our independence and our march towards progress has been unique. All evil forces disrupting the solidarity, we have attained, need be curved by a strong hand.

We have our leaders often raising the question of Indian solidarity just to shelve the question of Bengal's life and death. Is not the present injustice to Bengal reducing the solidarity of India to a myth? If India as a whole cannot spare just a breathing space for the dying Bengalees, who showed the way as to how to die for India, it they cannot rise above consideration of petty provincialism in times of the distress of a friend in need and a friend indeed, how does it lie in their mouth to talk of Indian solidarity? It is now the turn of West Bengal to think and feel for Bengal and to give Bengal her due. It will be a calamity of the first magnitude if the Indian leadership weakens and errs at a time when it is imperative on them to be just and strong and to take correct decisions. Bengal's necessity for land is greater than anybody else's. Her claims are just and equitable.

8]. Narbahadur Gurung: Mr. Speaker, Sir, having come to this House from a place which bears a totally different historical background, I will be singing song in a totally different tune which perhaps will sound foreign to my friends here in this Assembly. Darjeeling has become a popular name not only to the people of West Bengal, but to people of all over India. It is so loved and caressed not only by people of diverse nationalities of Indian character but also by the people of foreign countries. Some say it is the "land of flowers"—some call her the land of snows—others say the homeland of Tenzing Norkay, the Mount Everest here, and some one has called in "Cinderella of Bengal". People from the plains go to Darjeeling in search of Cinderella, while the poor Cinderella goes out in the wilderness in search of her Godfather.

Sir, looking back to the history of Darjeeling district we find that the area west of river Teesta belonged to Sikkim State and areas to the east of

river Teesta, viz., Kalimpong subdivision together with western Docars belonged to Bhutan. The areas west of river Teesta was taken as grant by the British from the Maharaja of Sikkim for Sanatorium purpose. Later in 1855 Kalimpong and western Docars were ceded to the British territories. Historically, therefore, Darjeeling neither belonged to Bengal nor to Bihar although for administrative purposes it was placed both under Rajshahi Division and Bhagalpur Divison of Bengal and Bihar.

The people of Davjeeling are linguistically, culturally and ethnologically different from the people of the plains of Bengal and Bihar. This is a fact which nobody within and without this Assembly would deay. It was on this ground we demanded this area to be administered by the Central Government. If you look back to our memorandum submitted to the Prima Minister of India and later to the States Reorganisation Commission, you will find that we laid more stress on our demand to have the district of Darjeeling to be directly administered by the Centre over the other two alternative demands which lost their grounds by the time the States Reorganisation Commission was appointed.

Sir, if any one had cared to diagnose the reasons why the people of Darjeeling wanted to break away from West Bengal and applied the proper and right method, perhaps the solution could have been found out long before the States Reorganisation Commission's visit to Darjeeling. But it was unfortunate that the Government of West Bengal and the Coagress leaders, instead of trying to cure the disease, however small be it, tried to hide it. To quote an instance—when the States Reorganisation Commission visited Darjeeling the West Bengal Provincial Congress Committee in their supplementary memorandum submitted that the Nepali-speaking population was 20 per cent., Rengali-speaking 14.3 per cent, and Hindi-speaking 6.8 per cent. The Lepchas and Bhutus being 4 per cent, only, the total comes to 45.1 per cent. It is not understood who constituted the rest of the population, viz., 54.9 per cent. I hope they are not Chinese. This is the way how the Congress tried to distort facts.

The grievances are there. The Government know the grievances of the people. Yet there is something lacking which prevents the two to come together and break the knot. I fully realise the difficulties and the injuries done to West Bengal by the partition and as a result of that the refugee problem.

[7-15-7-25 p.m.]

West Bengal needs more land with its density of population and I fully support the claims of West Bengal for more territories on the economic and administrative grounds, forgetting the linguistic aspect.

But at the same time, Sir, I should like to lay stress in strong terms before this Government the general grievances of the people of Darjeeling and strongly press for the implementation of States Reorganisation Commission's recommendations to the district of Darjeeling taking as a minority linguistic group. For instance, most of the grievances of the hill neople are based on grounds of discriminatory treatment by the local authorities, such as the Deputy Commissioner, Superintendent of Police and other officials of All-India Services, who belong to the majority group. If this is done away with as suggested by the States Reorganisation Commission on page 231, paragraph 855, by gradually appointing 50 per cent. of them from outside the State, this differential treatment will die out in course of time.

The States Reorganisation Commission has recommended on page 212, paragraph 784—"If seventy per cent. or more of the total population of

a district is constituted by a group, which is a minority in State, the language of the minority group and not the State language, should be the official language in that district".

- Dr. Hirendra Kumar Chatterjee: Is it in the contemplation of the Minister to increase the diet scale of the A. G. Hospital?
- The Hon'ble Dr. Amulyadhan Mukharji: If it becomes necessary, certainly Government will consider that.
- **Dr. Hirendra Kumar Chatterjee:** Will the Minister let us know what is the criterion of this necessity because we have already seen that in Karnani Hospital it is Rs. 2-10-6 that was necessary.
- Mr. Speaker: But this is not a question of diet at all. It is a question on health centres. You cannot go on putting supplementaries on diet.
- Dr. Hirendra Kumar Chatterjee: Maintenance of beds also includes diet as well.
 - Mr. Speaker: You cannot go on putting questions like this.
- Sj. Natendra Nath Das: In answer (e) it is stated: Proposals for health centres of Banamalichatta and Basantia are under consideration of Government. May I enquire how far Government has progressed?
- The Hon'ble Dr. Amulyadhan Mukharji: Possibly it will be taken up early next year.
- 8j. Natendra Nath Das: What about the other health centre at Bahiri? I asked questions about three health centres—Banamalichatta, Basantia and Bahiri. Now answer has been given about two. What about the third—Bahiri?
- The Hon'ble Dr. Amulyadhan Mukharji: That has not yet reached the stage of finalisation.

Dr. Narayan Chandra Ray:

্র, জি, হস্পিটালগালির বেড সংখ্যা যেখানে ছিল ৪৮০, এখন মোট সেখানে ২০০ আছে।
আপুনি সদর হাসপাতাল এক্সটেন্ড করবার কথা যে বলেছেন তাতে প্রোপোশনিট নাম্বার অফ বেডসএব বাবস্থা হবে কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আমরা হেল্থ সেন্টারএর সংখ্যা বাড়িয়ে তাতে বেশী বেড প্রোভাইড করছি, স্তরাং একদিকে যেমন কমেছে আর একদিকে তেমনি বাড়ান হচ্ছে।

Dr. Narayan Chandra Ray:

এ জি হাস্পিটালএর সবগর্নল কি আল্টিমেটাল তুলে দেবেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

হাা, আল্টিমেটলি সব তুলে দেওয়া হবে।

District Board hospitals or dispensaries taken over by Government and retention of the staff thereof

- *34. Sj. Mrigendra Bhattacharjya: Will the Hon'ble Minister-incharge of the Medical and Public Health Department be pleased to state—
 - (ক) ১৯৫৫ সাল হইতে কোন্ জেলার কতগ্নি জেলাবোর্ড পরিচালিত হাসপাতাল বা ডান্তারখানা সরকার পরিচালনা করিতেছেন;
 - (থ) উত্ত হাসপাতাল বা ভাত্তারখানাসম্হে কোন্ পদে কতজন কর্মচারী সরকারের পরিচালনাধীনে আসার আগে নিযুক্ত ছিলেন;
 - (গ) তাঁহাদের মধ্যে কাহাকেও সরকার ছাঁটাই করিয়াছেন কিনা এবং করিয়া থাকিলে তাহার সংখ্যা কত; এবং
 - (ঘ) কি কারণে তাঁহাদের ছাঁটাই করা হইয়াছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

- (ক) বীরভূম জেলা—৩টি।
 হুনলী, বর্ধমান, মুশিদাবাদ ও হাওড়া জেলা—প্রত্যেক জেলার ১টি করিয়া।
- (খ) ডাক্টার—৬ জন।
 কম্পাউণ্ডার—৪ জন।
 নিম্নতন কর্মচারী—১০ জন।
- (গ) না।
- (ঘ) প্রশ্ন উঠে না।

Si. Sarol Roy:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে জেলা বোর্ড পরিচালিত হাসপাতালগ**্লি**, এগুলিকে সরাসরি সরকারের পার্বালক হেল্থ ডিপার্টমেন্টএ আনা হবে কি না?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এরকম কোন পরিকল্পনা নেই। যে-সমস্ত জায়গায় জেলা বোর্ডের ডিসপেন্সারি আছে সেগ্রিলকে গভর্ণমেন্ট-পরিচালিত হেল্থ সেন্টারএ পরিণত করবার বাবস্থা হয়েছে, সেগ্রিলকে গভর্পমেন্ট নিয়েছেন, অনা হাসপাতালগ্রিলকে নেবার পরিকল্পনা নেই।

Dr. Narayan Chandra Ray:

আপনার টোটাল হিম্পটালএর সংখ্যা হ'ল ৭। এই ৭ জায়গায় কি করে ৬ জন ডাক্তার চ্ছিলেন?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

ষে ৭ জন আগে থেকে ছিলেন সেই ৭ জনকেই নেবার কথা ছিল। একজন ডা**ন্তার** গভন মেন্টের কাজ নিতে সম্মত হন্নি বলে ৬ জনকে নেওয়া হয়েছে।

Repairs to Daspur Thana Health Centre, Midnapore district

- *35. Sj. Mrigendra Bhattacharjya: Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—
 - (ক) মেদিনীপরে জেলার অন্তর্গত দাসপরে থানার স্থাস্থাকেন্দ্র কতদিন যাবৰ খোলা হইয়াছে:
 - (খ) উক্ত স্বাস্থাকেন্দ্রের গ্রনিমাণকার্য কোন্ বংসর শেষ হইয়াছে:
 - (গ) ইহা কি সতা যে-
 - (১) হাসপাতাল গৃহগ্লির ভিত্ হইতে ছাত পর্যক্ত ফাটল ধরিয়াছে এবং অক্তর খসিয়া পড়িতেছে,
 - (২) ছাত হইতে অসংখ্য ফাটলের মধ্য দিয়া বৃষ্টির জল গড়াইয়া পড়িতেছে,
 - (৩) হাসপাতালের চারিদিক জংগলে ভরিয়া গিয়াছে, এবং
 - (৪) হাসপাতালের জন্য একটিমাত্র নলক্পের ব্যবস্থা রহিয়াছে: এবং
 - (ঘ) যদি (গ) প্রশেনব উত্তর হাাঁ হয়, মন্ত্রীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (১) হাসপাতাল গ্রগ্রিলর সংস্কারের কোন বাবস্থা সরকার করিরাছেন কিনা, এবং
 - (২) হাসপাতালের জন্য আরও নলক্প বসানর কথা সরকার বিবেচনা করেন কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

- (क) ১৯৫৫ সালের জুন মাস হইতে।
- (খ) ১৯৫৪ সালে।
- (গ)(১) ও (২) না। কেবলমার ভারার ও রাধ্নীর গ্রের ছাত হইতে জলপড়ার সংবাদ পাওয়া গিয়াছে।
 - (৩) জংগল হইয়াছিল এবং তাহা পরিষ্কার করা হইয়াছে।
 - (8) शौ।
- ্ছ)(১) সংস্কারের প্রয়োজন অল্পই। যেট্রু প্রয়োজন তালের জনা যথাবাতি নির্দেশি দেওয়া হইয়াছে।
 - (३) ना।

Sj. Saroj Roy:

আপুনি জানেন গুঁত ব্যার সময় বোগাদের। গুরুর ৬.৮ এইতে জল প্রায় বো<mark>গাদের</mark> অন্য হবে সিফাট করা হয়েছিল কি না

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এরকম তথা আমার কাছে নেই।

Conversion of District Board Dispensary at Rohini, Sankrail police-station, district Midnapore, into a Health Centre of the Union

- *36. 8j. Dhananjoy Kar: Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state---
 - (ক) মেদিনীপরে জেলার ঝাড়গ্রাম মহকুমার সাঁকরাইল থানার ৪নং ইউনিয়নের . অধিবাসিগণের নিকট হইতে জেলাবোর্ড পরিচালিত রোহিণী গ্রামের চিকিৎসালয়টিকে ইউনিয়ন স্বাস্থাকেন্দ্রে পরিণত করার কোন আবেদন সরকার পাইয়াছেন কিনা; এবং

[14TH DEC...

- (খ) র্বাদ (ক) প্রশেনর উত্তর হার্গ হয়, তাহা হইলে মন্দ্রীমহাশয় অন্ত্রহেপ্রেক জানাইবেন কি—
 - (১) তম্জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন, এবং
 - (২) মেদিনীপরে জেলাবোর্ড পরিচালিত চিকিৎসালয়গ্রনিকে স্বাস্থ্যকেন্দ্রে পরিণত করার কোন সরকারী পরিকলপনা আছে কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharii:

- (क) शौ।
- (थ)(১) विषर्त्रां अत्रकादत्रत्र विद्वानाधीन आह्य।
- (২) না, প্রতোকটি প্রস্তাব স্বতন্দ্রভাবে বিবেচনা করিয়া উপয**ৃত্ত** বাবস্থা অব**লন্দ্রন করা হয়।**

Sj. Dhananjov Kar:

এই যে খ(১)-এ বলেছেন বিবেচনাধীন আছে, আপনি অনুগ্রহ করে বলবেন কি বিবেচনা কর্তাদনে শেষ হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

ঠিক বলতে পারব না. যতশীঘ্র সম্ভব চেষ্টা করা হবে।

8j. Dhananjoy Kar:

৫৫ সালের মধ্যে কি হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এ বছরের পরিকল্পনা চাল্ হয়ে গিয়েছে। আগামী বছর হবার সম্ভাবনা আছে।

Dumping ground of the South Suburban Municipality at Jayrampur, 24-Parganas

- *37. 8j. Ambica Chakrabarty: (a) Will the Hon'ble Minister-incharge of the Medical and Public Health Department be pleased to state if it is a fact that the Public Health Department of West Bengal Government was satisfied in 1951 that the existence of the dumping ground of the South Suburban Municipality, 24-Parganas, in its present site at Jayrampur and in its present condition was a menace to public health?
- (b) It the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) whether the dumping ground has been removed from its present site, and
 - (ii) if not, what steps have been taken by the Government in this respect?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (a) No.

(b) Does not arise.

Appointment of House Physicians in Seth Sukhlall Karnani Memorial Hospital, Calcutta

*38. Dr. Saurendra Nath Saha: (a) Will the Hon'ble Minister-incharge of the Medical and Public Health Department be pleased to state if it is a fact that several medical graduates have been appointed some weeks back as House Physicians in the Karnani Hospital?

- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state--
 - (i) the names of those medical graduates who have been given appointments;
 - (ii) on what date or dates they were appointed; and
 - (iii) how many other candidates, if there be any, appeared for these posts?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (a) Yes.

(b) A statement is laid on the Library Table.

Dr. Narayan Chandra Ray:

এদের কি রেম,নারেশন দেওয়া হয়?

The Hon'ble Dr. Amulyadhan Mukharii:

জ্নিয়ারদের ৮০ টাকা; সিনিয়র রেসিডেন্টদের ১০৫ টাকা করে অনারেরিয়াম, ৪৫ টাকা ভাষেট এ্যালাউন্স, একুনে ১৫০ টাকা দেওয়া হয়। যদি কোয়াটার্স না দেওয়া হয়, তাহলে ২০ টাকা হাউজ এ্যালাউন্স দেওয়া হয়।

Dr. Narayan Chandra Ray:

এবা কি মেডিক্যাল কলেজ, নীলরতন সরকার কলেজএর মত প্রোডিন্সিয়াল সাভিসি মেন্বার হবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharli:

না, প্রোভিন্সিয়াল সাভিসি নয়। এর এবা সভা নহেন।

Establishment of Health Centres at Mokarampur and Khukurdaha, police-station Daspur, district Midnapore

- **39. Sj. Mrigendra Bhattacharjya: Will the Hon'ble Minister-in-charge of the Medical and Public Health Department be pleased to state—
 - (ক) ইহা কি সতা যে, মেদিনীপবে জেলার অশ্তর্গাও দাসপবে থানার ৩নং ইউনিয়নের মকারামপুর গ্রামে এবং ৫নং ইউনিয়নের স্কুবদহ গ্রামে স্বাস্থাকেন্দ্র প্রতিশ্রতিতে শ্রাশশিভূষণ মণ্ডল ও খ্রীঅমরেণ্ডনাথ মাজির নিকট হইতে টাকা এবং জমি গ্রহণ করা হইয়াছে, এবং
 - (খ) যদি (ক) প্রশেনব উত্তব হা হয়, মল্বীমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
 - (১) কোন বংসব ঐ টাকা ও জমি গ্রহণ করা হইয়াছে
 - (২) উকু স্বাস্থাকেন্দ্র দুইটি এখনও স্থাপন করা **হইতেছে না কেন**
 - ।ত। স্বাস্থারেক-দু দুর্ন্তি স্থাপনের সিম্পানত বর্ণতল করা ইইযা**ডে** কিনা,
 - (৪) হইয়া থাকিলে, উহার জন্য গৃহীত টাকা ও জমি ফেরং দেওয়া ইইতেছে না কেন, এবং
 - (৫) রিভিত্তনাল হেল্ফ কমিটি উক্ত স্থানসমাহে স্বাস্থাকেন্দ্র স্থাপনের স্থারিশ করিয়াছেন কিনা?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

- (क) ठाएँ, किन्दु ७ तः इडिनिशास्त्र शास्त्रत नाम श्कूतम्य, भूकृतम्य नर्हा।
- (४) (১) ১৯৫১ ও ১৯৫২ সালে।
- (২) প্রদৃহত্তিত স্থানগঢ়িল স্বাস্থ্যকেন্দ্র স্থাপত্নর উপযোগী কিনা সে বিষয়ে সরকার বিবেচনা করিতেছেন।

- (৩) না।
- (৪) প্রন্দ উঠে না।
- (৫) হাা।

[3-10-3-20 p.m.]

8j. Saroj Roy:

মাননীয় মন্দ্রীমহাশয়, ৫নং প্রশেনর উত্তরে বলেছেন, হার্ন, অর্থাৎ প্রশনটা ছিল রিজ্পিওনাল হৈন্থ কমিটি উক্ত স্থানসমূহে স্বাস্থাকেন্দ্র স্থাপনের স্কুপারিশ করিয়াছেন কি না, এখন আমার সাম্পিমেন্টার কোয়েন্টেন হচ্ছে ১৯৫১ সালে টাকা দেওয়া হয়েছে, ১৯৫২ সালে জমি দেওয়া হয়েছে, প্রায় ৪ বছর হয়ে গেল, এখনো বলছেন বিষয়টা সরকারের বিবেচনাধীন আছে, সেটা আর কতদিন বিবেচনাধীন থাকবে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

আমি মনে করি আগামী ফাইনাল্সিয়াল ইয়ারএ ও কাজ দুটী আরম্ভ করতে পারা যাবে।

Provincialisation of the Public Health services of the District Boards

- *40. Dr. Saurendra Nath Saha: (a) Will the Hon'ble Minister-incharge of the Medical and Public Health Department be pleased to state if it is a fact that the Government have decided to provincialise the Public Health services at present administered by the District Boards with effect from the current financial year?
- (b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—
 - (i) whether terms and conditions of such provincialisation have been settled in consultation with the District Boards;
 - (ii) if so, what are the terms and conditions; and
 - (iii) whether the services rendered by the Public Health personnel of the District Boards will be recognised by the Government as Government employees with all the rules applicable to the Government employees in Government service?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji: (a) Yes that no definite date has yet been fixed for giving effect to the provincialisation

- (b)(i) The terms and conditions have not yet been finalised.
- (n) and (m) Do not arise.

Dr. Narayan Chandra Ray:

এই যে প্রেভিনিস্যালাইজেশন, তার মানে এগম আই ট্র আন্ডাবস্টান্ড যে সেটা প্রোভিন্সিয়াল মেডিকগল সাভিসিএর সংগ্যাজ করা যায় কি?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

এই প্রোতিশিসয়ালাইজেশন মানে যে পাবলিক হেল্থ এ্যাক্টিভিটি ছিল ডিল্মিক্ট বোর্ডসএর, তার

part of the expenses was met by the Government and part by the local bodies.

এখন ইউনিটারি কন্দ্রোল করবার জন্য পার্বালক হেল্প স্টাফএর ও গভর্গমেন্টের নিযুদ্ধ অংশ এক ফিল্ড হবে, আর ডিস্ট্রিক্ট বোর্ড স্টাফএর অংশ একচ করা হবে; এতদিন এই প্রকারের সম্পরের অভাব ছিল। এখন হলে দি হেল্প স্টাফ অফ ডিস্ট্রিক্ট বোর্ডস ও গভর্গমেন্ট পার্বালক হেল্প ইউনিটকে গভর্গমেন্ট স্টাফ জরে নিয়ে নেবার পরিকলপনা হয়েছে। এই বছর ৫টা জেলানেওরা হলে, আর আগামী বছরে বাকী জেলাগুলি নেওরা হবে।

Dr. Hirendra Kumar Chatterjee:

এই প্রোভিন্সিয়ালাইজেশন করবার সিম্পান্ত গৃহীত হয়েছে, এটা কতদিন আগে করা হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

বর্ত্তমান বছরে।

Dr. Hirendra Kumar Chatterjee:

এর আগে কর্ণেল এ, সি, চ্যাটাম্জী ছিলেন, তখন কি এইরকম একটা প্রোপোজাল করা হয়েছে?

The Hon'ble Dr. Amulyadhan Mukharji:

হয়ে থাকতে পারে। আমার জানা নাই।

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Mineral survey in Midnapore district

- 27. Sj. Cangapada Kuar: Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state-
 - (ক) ইহা কি সতা যে, মেদিনীপরে জেলার ডেবরা, কেশপ্রে, দাসপ্রে, খলাপ্রে, গিংলা এবং পশিকুড়া থানা অঞ্লে খনিজ পদার্থ প্রাণ্ডির সম্ভাবনায় অন্সম্ধানকার্য চালান হইতেছে এবং
 - (খ) যদি (ক) প্রশেনর উত্তর হ্যা হয়, মন্ত্রীমহাশয় অন্ত্রহপূর্ব ক জানাইবেন কি-
 - (১) এ-यावर कान् थानात कान् कान् छात्म अन्यभानकार्य हालान इहेबाह्य, अवर
 - (२) छाटात कलाकल कि?

The Deputy Minister for Commerce and Industries (8]. Sowrindra Mohan Misra):

(ক) হাা।

(খ)(১) থানা। **প্রাম।**খকাপুর বারব্দি
গিলা (১) উপালদা
(২) রামপুরো

- (२) जन्मसारनत कलाकल এখনও काना यात्र नाहै।
- 8j. Cangapada Kuar:

এই অনুসন্ধান কাষ্য্য কতদিন পূর্বে সূত্রে হয়েছে?

8j. Sowrindra Mohan Misra:

নোটীল চাই।

8j. Cangapada Kuar:

এই যে থানাগ্লি আমি উল্লেখ করেছি মেদিনীপ্রের, এই থানাগ্লি ছাড়া <mark>অন্য কোন</mark> থানায় এই ধরণের অনুসংখানের কার্যা চলছে কি না?

8j. Sowrindra Mohan Misra:

নোটীস দিবেন বলবো। মোটাম্টি আপনি যে-সমস্ত থানা উল্লেখ করেছেন, তার মধ্যে বেখানে যেখানে হরেছে তা স্পণ্ট করে লিখে দেওয়া হয়েছে।

8j. Saroj Roy:

যে-সমস্ত জমিতে অন্সন্ধান কার্য্য চালান হচ্ছে সে ধানজমিই হোক বা অন্য কোন জমিই হোক, সেই সমস্ত জমির জন্য কোন রকম ক্ষতিপ্রণ দেওয়া হচ্ছে কি?

8j. Sowrindra Mohan Misra:

ইতিপ্ৰেৰ্থ তা দেওয়া হয়েছে। যদি কোন ক্ষতি হয় সংশ্যে সংশ্য ক্ষতিপ্রণ দেবার জন্য ব্যবস্থা করা হয়েছে। একজন সরকারী কর্মচারী টাকা নিয়ে সংশ্যে সংশ্যে থাকেন, ক্ষতি হলে সংশ্যে সংশ্য তিনি ক্ষতিপ্রেণের ব্যবস্থা করেন।

Mr. Speaker: Questions over.

COVERNMENT BILL

The West Bengal Land Reforms Bill, 195.

8i. Natendra Nath Das:

মাননীয় স্পীকার মহাশয়, এই ল্যান্ড রিফর্মস বিলএর থার্ড রিডিংএর আলোচনায় আমাদের এখনকার কর্ত্তব্য হচ্ছে বর্ত্তমানে যা সেকেন্ড রিডিংএ পাস হয়ে গেছে তাতে কোথায় কি রকম গলদ থেকে গেল, আমাদের সংশোধন নানা রকম অগ্রাহা করে যে অবস্থার স্নিউ হয়েছে, এখন যাতে ভবিষাতে অন্ততঃ মন্ত্রীমহোদয় সেই সমস্ত সংশোধন করার স্থ্যোগ পান সেজন্য কতকগ্নিল গলদের দিকে তাঁর দ্বিও আকর্ষণ করবো।

সেকশন ৮এর ট্রান্সফার বাই বিকোয়েণ্ট অর গিফট সন্বন্ধে অনেক আলোচনা হয়েছে। ই সেথানে দেখবেন উনি ফ্রাগমেন্টেশন বন্ধ করবার জনা, পার্টিশন বন্ধ করবার জনা করলেন কি না, যেখানে নির্দিন্ট সেয়ারএর চেয়ে কম পড়বে সেখানে বিসাফ্ল করতে পারবেন রেছিনিউ অফিসার; আর যদি কম পড়ে কো সেয়াবারএব মধে। সেল কববেন; না হলে বাইরের লোকের কাছে বিক্রী করবেন ফ্রাগমেন্টেশন বন্ধ কববেন বলে। কিন্তু যেখানে অর্ডিনারি ট্রান্সফার কোবলা সেখানে কতট্বুকু বিক্রী হলে ফ্রাগমেন্টেশন হবে না তার কোন বিধান এখানে করা হ'ল না। ফলে কোবলার সময় ফ্রাগমেন্টেশন চাল, হতে থাকবে। ধর্ন, একজন লাশ্ডলেস কৃষক, তার জমি কম, বিলো স্ট্রাণডার্ড, প্রেসকাইবড স্ট্রাণডার্ড র বিলায় কম, বিলো স্ট্রাণডার্ড, প্রস্কাইবড স্ট্রাণডার্ড র বিলায় কম হ'ল কেন হ

তারপর, আর একটা জিনিষ বলবো, যেটা সংশোধনীতে বলেছিলাম অগ্রক্স প্রিয়েম্পশন, সেটা যদি গিফ্টএর বেলায় হয়, বিকোয়েণ্টএর বেলায় হয়, এই গিফ্ট যদি থি ডিগ্রিক অফ ব্লাড রিলেশন হয়, তাহলে অগ্রক্তয় হতে পাবরে না। তার বাইবে গেলে, স্টেঞ্জাবএর কাছে **অগ্রক্তম চলবে।** তাঁরা করলেন কো-সেয়ারারএর কাছে এই গিফ্ট এ্যান্ড বিকোয়েন্ট বন্ধ করে দিলেন, এ গিফ ট এাান্ড বিকোয়েল্টএর অগ্রক্তয় হবে না। আমি বলবো সেলএর रवनार १८८, रकावनारक मृद्र शिरामभाग १८८। रकावना ना करत मानभूव करत मिल প্রিয়েম্প্রশন করতে পারবে না : সে জায়গায় কোবলা হলে প্রিয়েম্প্র্যন হয়ে যাবে। আগে ছিল থি জেনারেশনসএব মধ্যে যদি গিফ্ট হয়, তাহলে অগ্রক্তয় হবে না। তার বাইরে হলে অগ্রক্তর হতে পারতো; এখন সেই জিনিষটা থেকে গেল পার্টিশনএব বেলায়। যদিও এই আইনের মধ্যে আমরা কতকগুলি বিষয় দেখছি, দেওয়ানী মুন্সেফের কাছে আপীলের ক্ষমতা দিলেন। বর্গাদারদের বেলায় রেভিনিউ অফিসার যা করবেন, তার বিরুদ্ধে আপীল দিলেন মানেসফের কাছে। কিন্তু পার্টিশনএর বেলায় বা কোন রক্ম রেন্ট এলসেস্ডএর বেলায় যদি **कान गालमाल २**श. তাহ**लে⊾** ठाँत काष्ट्र आभीलिव विधान ताथलान ना। আगে এটা সিভিল কোর্ট ঠিক করে দিতেন। আর এখন করলেন রেভিনিউ অফিসার করবেন, কালেক্টর করবেন, কমিসনার করবেন, বোর্ড অফ রেভিনিউ করবেন। স্তরাং সাধারণ মান্যের সেখানে যাওয়া সুদ্রপরাহত হয়ে পডলো।

তারপর পার্টিশনএ আর একটা জিনিষ করেছেন। আপনি দেখনে সেক্সন ১৪, সেখানে তিনি বললেন যে, মিঃ স্পীকার, আমি সেক্সন ১৪, সাব-ক্লজ (৩)(বি)র দিকে আপনার দ্থিত আকর্ষণ করছি। সেখানে বলছেন—

"sell the entire holding to the highest bidder."

সেখানে এক্সক্র্ ডিং হোমস্টেড বললেন না। হোমস্টেড একটা হোল্ডিংএব অন্তর্গত হয়ে থাকে, আলাদা হচ্ছে না। কিন্তু সেখানে হোল্ডিং এক্সক্র্ডিং হোমস্টেড বসালেন শেষকালে। আর সেলএর বেলাতে হ'ল—

"sell the entire holding to the highest bidder."

"excluding homestead and the sale-proceeds shall after deducting the expenses for conducting the sale, be paid to the cosharers, in accordance with the shares in the holding partitioned, excluding the homestead."

এখানে তার শ্বারা এন্টায়াব হোল্ডিং সেল কবা বন্ধ কবলেন। তাইলে এতে কি রক্ষ একটা এ্যানোমালাস পোজিশন কবলেন। যেখানে এন্টায়ার হোল্ডিং সেলএর কথা বললেন, সেখানে এক্সকুডিং হোমস্টেড থাকা উচিত ছিল।

আমরা রেভিনিউ অফিসারএর হাতে এই রকম ক্ষমতা দেবাব একদম বিবোধী চিলাম। সেটা অন্যান্য বন্ধুরাও বলেছেন। যারা নিজেরা ভাইয়ে ভাইয়ে মিলে পার্টিশন করতেই সেথানে ফ্রাগমেন্টেশন বন্ধ করবাব অজুহাতে সেই পার্টিশন উড়িয়ে দিলেন। এখন করলেন রেজিন্টার্ড পার্টিশনএর দলিল চাই। ধর্ন, যেখানে দু-বিঘা বা ১০ কাঠা ভাম ভাইতে ভাইতে এগামকেরলি পার্টিশন করে নিতে পারতো, সেখানে এখন আইনে সেইভাবে ভাগ হবে না। পঞ্চায়েতেব দ্বারা পার্টিশন হলে দু ভাইয়েব কাছে দুটো লিট থাকতো, দুটো যাদি দুই ভাইয়েব কাছে থাকতো, কার কেল্টা। এব এখন পার্টিশনটা দুটো জিনিম দিয়ে বেধি দিলেন একটা হলা বাই বেভিন্টো উকুমেন্ট আব একটা হলো কেটে ভিকি দ্বানা। একটা বিকুইভিট স্টান্ডেড ভিনান দুটো ক্ষেত্ত করে দিলেন। যখন যাব সেয়ার কম পড়বে, তখন সেটা বিসাফেল করবেন বেভিন্টি গ্লিফাব। ভারপ্র যাদ দেখা যায় ভাবেও হলানা, তখন কো সেয়ারাবএব মধ্যে বিক্রী করবাব গেটো করবেন হ না হলে বাইবেব লোকেব কাছে বিক্রী করবেন। এ কি স্বান্ধেশ কথা।

[3-20-3-30 p.m.]

কাজেই আমান মনে ২য় জাগেমেনেটানন বন্ধ কবাব জনা আগে আপোয়ে পাটিশিনের যে চমুংকাব জিনিয় আমানের দেশে জিল, ভাই ভাই চিবদিন এক জায়গায় থাকবে না, ভাগ হয়ে যাবেই একদিন, আপোয়ে সেইটেন যে বন্দোবদত কবে তারা নিত সেইটেতে এই আইনের দ্বারা অস্ক্রিধার স্বাধ্যি করা হল।

তাবপর সেকশন ১৭এ বর্গাদানদের পাসোনিখা কাল্টিভেশন, সেখানে আপনার। করেছেন কি না এই একটা প্রোভাইসো দিয়েছেন

"bargadar who cultivates the land with the help of members of his family shall be deemed to cultivate it personally."

কিল্টু মেন্বার্স অফ হিজ ফ্যামিলি যদি অস্কৃথ থাকে তাহলে কি হবে সে যদি বাইরে থেকে কারো সাহায্য নিয়ে চাষ করে, তাহলে কি হবে তাকে উচ্ছেদ করবার জন্য জোতদার ত উল্মুখ হয়েই আছে, সে ক্ষেত্রে মেন্বার্স অফ হিজ ফ্যামিলি না করলে যদি সেটা পার্সোনাল কাল্টিভেশন না হয় তাহলে সে অচিরেই উচ্ছেদ হয়ে যাবে। আগে একটা বিধান ছিল, বর্গা এয়াই ছিল, যদি পাঁচ বছরের মধ্যে অনা বর্গাদার ধরে চাষ করে, নিজে চাষ না করে, তাহলে সে জমি তারই ফিরে আসবে। এখন করছেন কি দ্বাবছৰ মদি সে চাষ না করে তাহলে সে জমি তারই ফিরে আসবে। এখন করছেন কি দ্বাবছর জাস্কান্তের ব্যাপাবে যা ছিল সে বরং এর চেয়ে ভাল ছিল। এখন যা করছেন তাতে যদি কেউ জমি বিক্রী করে ফেলে ত হলে আপনারা করবেন কি. না সেই জমিটা ফরফিট করবেন। আগে ছিল কি এযাবরিজিনাল ছীল্মফার এয়াই অনুসারে কোন লোকের

কাছে জাম বিক্লী করে তাহলে পারমিসন নিরে বিক্লী করতে পারত, সে যদি বিক্ষের পার্যামশন না পেত তাই লৈ বিক্রী করত না। আর এখন সে যদি বিক্রী করে দেষ যে কিনে নিবে তার সেটা ফরফিট হয়ে যাবে। আর আপনারা ফরফিট করছেন তাদের ছাম যার। নাকি সাধারণ মানুষ আইন বোঝে না। দু-বছরের মধ্যে যদি বর্গাচাষ না করতে পারে তাহলেই ফরফিট করছেন, এই সরকারী ফরফিট করবার পশ্বা অভ্তত। এই গেল ফ্র্যাগ্রেনেটেশন সম্বশ্বে। আমি বলব কম্সলিডেশন সম্বশ্বেও সেই একই কথা। কম্সলিডেশনএর জন্য নিয়ম করেছেন টু-থার্ডাস অফ ওনার্সা অফ দি ল্যান্ড। আর কোন রকম কন্সলিডেশনএর বাবস্থা রাথেন নাই। তারপর ফ্রাগমেনেউশন বন্ধ করবার জন্য যা করেছেন, কম্পলিডেশনএও যা করতে যাচ্ছেন, তার ফল দাডাচ্ছে কো-অপারেটিভ, এক ব্রকে যেখানে পাবেন সেখানে কো-অপারেটিভ-এর কন্সলিডেটেড বক। কিন্ত এক বকে পাওয়া সন্দ্রেপরাহত। যে এক বকে জাম পাবে এরকম লোক কো-অপারেটিভএ যাবে না কোন দিন। আর কো-অপারেটিভের মাধামে যে জুমির উন্নতি করা সেটার জন্য চাষীকে সার দিতে হবে এবং অন্যান্য সংহায়া ইত্যাদি দেবেন-এরকম জিনিষ হবে না। তারপর কম্প্যান্ট ব্রক্ত যেসব জাম তার আছে তা সবই যাদ কো-অপারেটিভত দিয়ে দেবে তা বাইরের লোকের মধ্যে সেল করতে পারবে না. এরকম জিনিষের কথা লোকের কল্পনায় নাই। বরং ফ্রাগমেন্টেশন হতে দিয়ে যদি কো-অপারেটিভ ফার্মিংএর আইন আপনারা করতেন তাহলে সেটা বেটার হত। ফ্রাগমেন্টেশন বন্ধ করার জন্য কন্সলিডেশন করতে গেলে **ट्रम**ों जाएम**त्र क्रीवर्टन रकान** मिन इरव ना। अञ्च कथा विरायखारव किन्छा कराउँ इरव। कारकडे आমি বলব বর্তমানের যে ল্যান্ড রিফর্ম বিল ভাতে এই যে গ্লন, গ্রুটি থাকল, আশা করি মন্ত্রীমহাশয় শীঘ্র এগর্মল দরে করবার ব্যবস্থা কববেন।

আর একটা কথা, এই বিলে সিভিল কোটে যাবাব পথা বন্ধ করে দিলেন। যা করছেন জাতে তার সিভিল কোটে গিয়ে আপীল করার কোন প্রভিশন নাই। যা কিছু করবেন কালেইর এবং রেভিনিউ কমিশনার। এ বিলে দেখছি এইটেই হ'ল সরকারের পালিস। আগে বেশাল টেনান্সি এটেইএর ব্যাপার ছিল। সেটা ত উঠেই যাছে। সে আইন অনুসারে সিভিল কোটেএর কাছে তারা ফেয়ার এটা ড ইকুইটেবল রেন্টএর দাবী জানাতে পারত। এমন কি পাটিশানএর ব্যাপারেও এখন কালেইরের কাছে ছাডা সিভিল কোটে আপীল নাই। রেভিনিউএর ব্যাপারে মফঃদ্বলের রেভিনিউ অফিসাররা যদি উৎকোচ নিয়ে কিছু একটা ক্ষতির কারণ ঘটায় তাহলে তার একটা আপীলের ব্যবস্থা মনুন্সফের কাছে রাখা উচিত। একসপো
এতগ্রিল আইন বদলে দিলেন, স্তরাং আমার মনে হয় সিভিল কোটাকৈ যদি এই আপীল গ্রহণের ক্ষমতা দিতেন তাহলে ভাল হত।

The Hon'ble Satyendra Kumar Basu;

ম্নেমফের কাছে আপীলের ব্যবস্থা আছে, ক্লব্জ ১৯ পড়ে দেখুন।

81. Natendra Nath Das: Clause 19

আমি দেখেছি। তাতে আছে---

An appeal shall lie to the Munsif against any order made under section 17 or section 18.

কিন্দু আমি বলছি পার্টিশনের বাাপারে, ফেয়ার এাাণ্ড ইকুইটেবল রেন্ট এ্যাসেসমেন্টএর ব্যাপারে, লোকের যে গ্রিভান্স সেগালি দ্র করবার ব্যাপারগালি যদি মুন্সেফের কাছে দিতেন, তাহলে ভাল করতেন। আগে ছিল, এখন দিছেন কালেক্টরের কাছে। কাজেই এই আইনের ব্যারা যে কি উর্মাত করতে চাইছেন সেটা ব্রুতে পারছি না। এতে বর্গাদার উচ্ছেদের বাবন্ধা হচ্ছে, ফ্র্যাগমেন্টেশন বন্ধ হবে না। আর কন্সলিডেশনও হবে না। আর কো-অপারেটিভ বে করবেন বলছেন সেটাও হয় ত হবে না। জমির ভাগ ত আগেই করেছেন, বহু আগে থেকেই দলিলপত্র দ্বারা প্রায় সমসত ভামি বেনামা হয়ে বেরিয়ে গেছে। আগেই স্ব দলিলপত্র পাকাপোক্ত হয়ে রয়েছে। বেনামা হয়ে পার্টিশন হয়ে সব কিছু যার যা করার করের বসেছে। দায়ভাগ ও মিতাক্ষরার কথা জ্ঞানবাব্য বলেছেন। কাজেই এই আইন বিশেষ

ত্রটিপূর্ণ হরেই থাকল। ভবিষয়তে সেগ্রিল দ্র করে বাতে প্রকৃত ল্যান্ড রিক্স করা বার এবং যাদের জ্বমি দেওয়া উচিত তাদের যাতে জ্বমি দেওয়া যায়, মন্দ্রীমহাশস্ত্র আশা করি সেই দিকে দ্খিট দেবেন।

Sj. Pravash Chandra Roy: `

মাননীয় সভাপাল মহাশয়, আজঁকে ভূমি-সংস্কার আইনের তৃতীয় পর্য্যায়ের অর্থাৎ শেষ পর্য্যায়ের আলোচনা আমরা সূত্র করেছি। এই ভূমি সংস্কার বিলকে ব্রুতে গোলে মূলতঃ এর সংগে জমিদারী ক্রয় আইন এবং ভূমি-সংস্কার আইন এই দুটোকে এক সংগা করে আমাদের বিচাব করতে হবে।

ভূমি-সংস্কারের মূল উদ্দেশ্য হওয়া উচিত যে বিনা মূলে। স্কামদারী প্রথা উচ্ছেদ করা হবে, কৃষক বিনা মূল্যে দ্বাম পাবে, যার ফলে কৃষক সমাজেব এর ক্ষমভা বাড়বে; এবং তার মধ্য দিয়ে দেশের শিল্প ও বাবসা-বাণিজােব বিকাশ ঘটবে, সংগ্য সংগ্য মধ্যবিত্ত এবং মজুর শ্রেণী বেকার সমস্যার হাত থেকে বাচবে, এইভাবে সমগ্র দেশ শিল্প-বাণিজা ও অর্থানীতির দিক থেকে সামগ্রিকভাবে উল্লভিব পথে এগিয়ে যাবে, এইটে হচ্ছে ভূমি-সংস্কারের মূল উদ্দেশ্য। সেই উদ্দেশ্যের দিক থেকে আজু আমাদেব বিচার করতে হবে, পশ্চিমবণ্য সরকারের যে জমিদারী ক্রয় আইন এবং তার সংগ্য সংশিল্পট যে ভূমি-সংস্কার আইন এনেছেন তা শ্বারা মূল উদ্দেশ্য কতথানি সফল হচ্ছে বা হচ্ছে না।

আমরা দেখেছি করেকদিন আগে ১লা ডিসেম্বর তারিথে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি শান্তের অধ্যাপক কর্ণা মুখার্জি "ম্বাধীনতায়" এক বিবৃতি দিয়েছেন। তা থেকে জানতে পেরেছি চীনে সাডে-যোল কোটি বিঘা জমি কৃষকদেব মধ্যে বিলিবন্টন হয়েছে ১৯৫৫ সালের মধ্যে, এবং সেই ভামি তিশু কোটী কৃষকের মধ্যে বিলিবন্টন কবা হয়েছে।

Mr. Speaker: That is not for third reading. In the third reading you should speak on the effect of the Bill as passed.

[3-30-3-40 p m]

Sj. Pravash Chandra Roy:

এটেটা কি দাঁডাছে সেটা বলছি। সুতরাং আমাদের এই ভূমি সংস্কার বিলেব মধ্য দিয়ে সরকার বলছেন যে তাঁরা ৬ লক্ষ একর জমি পাবেন কিন্তু আমরা জানি যে সরকার ৬ লক্ষ একর জুমি পারেন না। ইতিপূর্বে বিভিন্ন বন্ধ, বলে গেছেন যে বেনামী, হুস্তাস্তর, আমলনামা ও দেবোত্তর সম্পত্তি রাখার যে অধিকারের ব্যবস্থা সরকার করে দিয়েছেন ভাতে এই ৬ লক্ষ একর জমি পাবার কোন সম্ভাবনা নেই। যতট্টকু আমরা দেখোঁছ ভাতে ব্*রত*ে পেরেছি যে সরকার মোট হয় ত ২ লক্ষ একর জাম পেতে পারেন এবং সেইট্রক জামর বেশী ৰুমি পাওয়ার কোন সম্ভাবনা আমরা দেখছি না। অথচ আমরা দেখতে পাছিছ যে বাংলাদেশে কৃষির উপর নির্ভার করে এই রকম পরিবারের সংখ্যা ৩২ লক্ষ্ণ এবং তার মধ্যে ভাগচাষী এবং গরীব চাষী পরিবারের সংখ্যা হচ্ছে প্রায় ২০ লক্ষের মত। স্ভেরাং একদিকে সরকার ২ লক্ষ একরের মত জমি প্রকৃতপক্ষে পাবেন অথবা যদি সরকারী হিসাব মত ধরে নেওয়া বায় তাহলে ৬ লক্ষ্য একর জমি তাঁরা পারেন। কাজেই একদিকে তাঁদের হিসাবমত ৬ লক্ষ্য একর জমি সরকার পেতে পারেন কিল্ড অন্যাদকে ২০ লক্ষের মত ভূমিখীন এবং গরীব চাষী যে রয়েছে তাদের মধ্যে ভূমি বন্টন করা দরকার। সপ্যে সপ্যে আমরা দেখতে পাচ্ছি যে আজকে যে ব্যবস্থা তারা গ্রহণ করেছেন, সেই ব্যবস্থার মধ্য দিয়ে আজকে আমাদের বাংলাদেশে যাঁৱা অধীন রায়ত বা আন্ডার-রায়ত, তাদের সংখ্যা প্রায় ১ লক্ষ পরিবার এবং অন্যাদিকে বাংলাদেশে ৬ লক্ষ্ণ পরিবার ভাগচাষী আছেন। সরকাব যে ভূমি-সংস্কাব আইন করেছেন তাতে প্রত্যেক মালিককে তাদের ৩ ভাগের ২ ভাগ পর্যন্ত জমি ভাগচাষীর হাত থেকে কেড়ে নেবার অধিকার তারা দিয়েছেন। সাতরাং আইনমতে দেখা যাছে যে ৬ লক্ষা ভাগচাষী পরিবারের মধ্যে ৪ লক্ষ ভাগচাষী পরিবার উচ্ছেদ হচ্ছে। স্তরাং একদিকে ৪ লক্ষ ভাগচাষী পরিবার উচ্ছেদ হচ্ছে এবং অনাদিকে ১ লক্ষ্ম অধীন রায়ত পরিবার উচ্ছেদ হচ্ছে। কেন না তারা

নির্দেশ দিয়েছেন প্রতি এটেন্টেসন অফিসারের কাছে যে, যে-সমস্ত আন্ডার রায়ত রিসদ্ দেখাতে পারবেন না, তাদের নাম ২০ বছরের হোক, আর যাহাই হোক, তারা ঠিকা, কুলা, বা উদ্বন্দি প্রজা হিসাবে যদি প্রে,যান,ক্রমে সেই জমি চাষ করে থাকেন, তাদের নাম রেকর্ড रधन ना दुस এই तुक्रम निएम ने अतुकाती मध्यत थ्या एएक एमध्या द्रासाह धरा छात छाल প্রাশ্চম বাংলার ১ লক্ষ্ণ অধীন রায়তের জমি থেকে উচ্ছেদের ব্যবস্থা হয়ে গেছে এবং ইতিমধ্যে জুমির মালিকরা সেই রেকরে তাদের নাম বাতিল করবার সংগে সপে চাষী অধীন রায়তদের দাস করবার জাম থেকে আজকে ব্যাপকভাবে জামদার তাদের ধান কেটে নেবার বাবস্থা করছেন এবং বহু জায়গায় এই রকমভাবে জোর করে মালিকরা তাদের ফসল কেটে নিচ্ছে। সূতরাং দেখা যাচ্চে একদিকে সরকার ৪ লক্ষ ভাগচাষী এবং ১ লক্ষ অধীন রায়ত উচ্ছেদ করছেন এবং অন্যাদকে আমরা দেখতে পাচ্ছি যে ৬ লক্ষ একর মাত্র জমি তারা পাচ্ছেন এবং সঙ্গে সংগ্ আরো তারা যে আইন করছেন, অর্থাৎ যদি কোন খাজনা বাকী পড়ে তাহলে বাকী খাজনার দায়ে তার সমস্ত জমি, বাস্তৃভিটা বাদ দিয়ে সমস্ত সম্পত্তি, সেখানে রায়তের পর্য্যন্ত জুমি চলে যাবার ব্যবস্থা এর মধ্যে দিয়ে হয়েছে। সঙ্গে সঙ্গে পার্টিসনের যে নিয়ম তারা করেছেন যদি পাঁচ ভাই থাকে এবং তাদের যদি ১৫ বিঘা জমি থাকে. সরকার যদি আইন করে দেন যে ৪ বিঘার কম জমি পার্টিসন হতে পারবে না তাহলে পরে সেই পাঁচ ভাই তাঁদের জমি ভোগ করতে পারবেন না। এব ফলে ২।১ লক্ষ পরিবার তারা এই পার্টিসন আইনের ফলে তাঁদের জমি থেকে বঞ্চিত হবেন। সত্তরাং আমরা যদি একটা মোটামটি হিসাব কবি তাহলে দেখতে পাবো যে সরকারী মতে তাঁরা ৬ লক্ষ একর জমি পাবেন কিন্তু य উচ্চেদের বাবস্থা এর মধ্য দিয়ে করা হয়েছে তাতে দেখা যায় যে ৬ লক্ষের বেশী পরিবারকে, যাদের জাম ছিল তাদেরও এই আইনের মধা দিয়ে সরকার জমিহীন করার াব্যবস্থা করেছেন। স্ত্রাং আজকে এই ভূমি-সংস্কার আইন যে তাঁরা এনেছেন এর মধ্য দিয়ে যাদের জাম নেই তাদের জাম দেওব। ত দাবের কথা, উল্টে যাদের জাম আছে তাদেরও জমি কেণ্ডে নেবাৰ বৃদ্যপথা সৰকাৰ কৰেছেন। তাৰা হয় ত বলবেন যে আমৰা ত মূল নীতি মেনে নিখেছি, किन्छ माल नौडि মেনে নিলে कि হবে? তাঁরা হয় ত জনসাধাবণকে বলবেন. দেখাবেন মোহ স'ণ্ট করবাব চেণ্টা করবেন, দেখ আমরা ত কুষকদের মধে। বিনা মালো জাম দেবান ব্যাস্থা করেছি, কিন্তু আমি বলবো তাঁবা জমি পাবেন কোথা থেকে যে জমি ভাবঃ বিলি কববেন ই একদিকে এইভাবে তাঁরা জামহীন করবেন অনাদিকে কিছু হয় ত জাম তাঁরা পেতে পারতেন কিন্ত তাঁবা যে বেভিনিউ অফিসাব স্থিট করেছেন, সেই রেভিনিট অফিসারের মধ্যে দলীয় চক্রান্ত চলবে। হয় ত যাবা কংগ্রেসেব পক্ষে মাতব্বরীতা করুবেন তাঁদেরই হয় ত কিছ্ব কিছ্ব জমি সেখানে স্থানীয় এলাকায় তাঁরা দেবেন। কাজেই প্রকৃতপক্ষে যারা জাম্মুখীন তাবা হয় ৬ জাম পাবেন না, যারা ভাগচাষী, ঠিকাচাষী তাঁরা ন্ধমি পানেন কি না, তাঁদের জমি দেওয়া হবে কিনা, সেটা স্পণ্টভাবে এই আইনের মধ্যে নেই। সেঞ্জন্য এই আইন অভ্যন্ত চ্টোপ্র্ণ। সেদিক থেকে আমি সরকারের কাছে ২।১টা উদাহরণ দিতে চাই যে কিভাবে বেনামী করে সেখানকার জমির মালিক এই সরকারী আইনকে ফাঁকি দেবার জনা ব্যাপকভাবে চেন্টা করছে। কাকস্বীপ থানার বোধাকালির জমিদার মনীন্দুনাথ তাঁর ৫ হাজার বিঘা জমি আছে, ৫শো বিঘা থাস জমি আছে, সেই জমি বিভিন্ন আত্মীয়ের মধ্যে ভাগাভাগি কবে তিনি এই আইনকে ফাঁকি দেবার চেণ্টা করছেন। এমন কি বহু জায়গায় আমরা দেখতে পাচ্ছি যে আমলনামা স্থিট করে, সেই আমলনামার মধ্য দিয়ে সমুহত জামকে ২০।২৫ বছব আগে আন-রেজিন্টার্ড আমলনামা করে আজকে সেই জমি বিলি বন্টন করবার বাবদ্থা করেছেন। আমি এ-সম্বন্ধে মাননীয় মন্ত্রীমহাশয়কে বলেছিলাম, তিনি আমাকে বলেছিলেন যে আমলনামা এইভাবে জমির মালিক সমস্ত হুস্তান্তর করে ফেলেছে এ খবর আমরা পেয়েছি কিন্তু কোন আইন নেই যাতে এলের ধরতে পার। যায়। গত অধিবেশনে প্রকাশাভাবে আমাদের কথাব উপব তিনি উত্তব দিয়েছিলেন যে ডাইরেক্টর অফ ল্যান্ড রেক্ডাস মারফত তিনি নির্দেশ দিয়েছেন যে অধীন রায়ত, যাদের র্রাসদ্ নেই, ঠিকা, ফুলা, প্রভৃতি হিসাবে চাষ করছেন, তাদের নাম রেকর্ড যাতে হয়, যদি স্থানীয়ভাবে সাক্ষী প্রমাণ দিতে পারে তাহলে তাদের রসিদ থাক বা না থাক তাদের নাম রেকর্ড করবার প্রতিশ্রতি দিয়েছিলেন এবং বলেছিলেন যে তিনি এইভাবে নিন্দেশ দিয়েছেন। কিন্তু কাল পর্যান্ত আমি বিভিন্ন এটেণ্টেসন অফিসে গিয়েছিলাম এবং ডাইরেক্টর অব লাাণ্ড বেকর্ডসের পার্সোনাল এসিগ্টান্টকে ভিজ্ঞাসা ববে জেনেছি যে এই রকম কোন নিন্দেশ নেই। কাজেই মন্ত্রীমহাশযকে আমি সেই নিন্দেশ দেবাব জন। অনুরোধ করছি। সতাই যদি কৃষকদের হাতে জমি দেবার অন্তরিক আকণ্ড্রমা থাকে, তাহলে আমি বিশ্বাস করি কয়েক মাসের মধ্যে এই ভূমি সংস্কাব বিল সম্বন্ধে আব একটা এমেণ্ডমেন্ট এনে এর মধ্যে যে ফাক আছে, যে গলদ আছে সেগ্রুলি আপনারা দ্রীভূত কববেন। সতাই যাতে ভাগচাষী কৃষক অন্ততঃ কিছু কিছু জমি পায় এবং ব্যাপক উচ্ছেদের হাত থেকে তারা রক্ষা পায় সেই ব্যবস্থা আপনারা করবেন।

[3-40-3-50 p.m.]

Dr. Kanailal Bhattacharva:

মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশের অর্থনীতিক উল্লভির জনা ভূমিবাবস্থার আম্ল পরিবর্ত্ত নের প্রয়োজন, এ কথা আজকে সকলেই স্বীকার করনেন। গ্রামেন অর্থ নৈতিক উন্নতির জনা বাংলার চাষী বহু, আন্দোলন কবেছে, উহার ফলে, উহার চাপে পড়ে আজ দেখতে পাচ্ছি যে বাংলার গভর্গমেন্ট এই ভূমি-ব্যবস্থা পবিবর্তনের জনা প্রচেন্টা আরুভ করেছেন। কিন্তু জ্যাদাবী দখল বিলেব ভিত্র দিয়ে এবং এই যে বিল আজ আইনে পরিণত হচ্চে, তার ভিতর দিয়ে বাংলার চাষীবা যে দাবীদাওয়া কর্বোছল সেই সমস্ত দাবীদাওয়া প্রণ হবে না। বাংলার চাষ্ট্রবি প্রথম ও প্রধান দাবী ছিল বিনা ক্ষতিপারণে জমিদারী প্রথার বিলোপ। তা হয় নি। তাদের দাবী ছিল খাজনার হার কমা**ন। আজকে** সরকার জামদার হয়ে বসাছেন। বিদেশী সরকার নয় জনগণের সরকার। তারা **আশা** করেছিল এবার তাদেব খাজনার হ'ব ও ভাব কমবে। কিন্তু সে বিষয়ে তাবা নিঃসন্দেহ হতে পারছে না। তত্যি কথা হচ্ছে বাংলা দেশের দাবী ছিল যাদের ভূমি নাই সেই ভূমিহ**ীন** চাষ্ট্রিক ভূমি দিতে হবে। কিন্তু আমরা যা দেখতে প্রচিষ্ঠ তাতে এই দেখাছ যে সেই প্রচে**ন্টায়** সরকারের আন্তরিকতার মধ্যেত অভার। এমন কি লাপাল মার জাম তার এই **স্লোগান** যদিও আমাদের বাংলার চাষ্ট্রা তলেছিল কিল্ড এই বিলেব ভিতৰ এমন কতক্ষ্যাল ধারা দেখতে প্রাচ্ছ যা শ্বাবা ছোট ছোট চাষা যাবা তাদের হাত থেকে জমি গিয়ে বড় চাষ**ীদের** হাতে পড়বে এবং যাব। অকুষিভাবি তাদেব হাতে গিয়ে। পড়বে। বিলেব ১৪ নম্বর ধারার প্রতি আপনার দুণ্টি আকর্ষণ করছি। এই ধারা যদি আজকে কালে লাগান হয তাইলৈ অনেক ছোট ছোট চাষ্ট্রী আছে। যারা জ্বাম হারাবে। আজকে। এলাদেব দেশে শিশপ যদি গড়ে না উঠে, ভূমির উপর থেকে চাপ যদি সরান না যায়, জনসংখনে চাপ যদি ভূমির উপর থেকে না সবে এবং তার ফারেই যদি এই ধারাকে কাজে রাপ দেওযার চেটো চলে তাহলে আমি মনে করি গ্রামে অংকিতিক সংকট দেখা। দেবে। ছোট ছোট যারা জমিব মালিক তাদের সেই ট্করো জমি রুখতে গিয়ে তাদের উপর অন্যায় করা হবে, যার ফলে দেখা যাবে ছোট ছোট চাষীরা জুমি হারিয়ে বসেছে এবং যারা অকৃষিজীবী ভারা কুমশঃ কুমশঃ জুমিব মালিক হয়ে পডছে, সেজনা মল্টীমহাশ্যকে অন্বোধ বর্গাঙ্গ যত্ত্বিন না শিল্প গছে উঠে, যত্ত্বিন পর্যানত না ভূমি থেকে আমাদের দেশে জনসংখ্যার চাপ কমে ওত্দিন প্রয়ানত এই ধারাকে যেন রূপ দেওয়ার চেণ্টা না করা হয়।

আজকে ভূমি-সংস্কারের নামে বিলের ভিতর যা হচ্ছে তাতে বর্গাদারদেব উপর অনাম করা হবে। আমি মাননীয় মন্ত্রীমতাশয়কে এই বলবাে যে তিনি এই জিনিয় ভালভাবে প্রশিষান কবে যথাসম্ভব বর্গাদার আইনে যেতা ছিল অন্তর্গ সেই প্রভিসন ট্রেক করে। এই বিল আমেন্ড করে। যদি তা না করেন এবং এই বিল প্রয়োগ করতে যান তাহলে বর্গাদার বহু উচ্ছেদ হয়ে যাবে এবং দেশের মধ্যে একটা কেয়সএর স্থিত হবে। তারপর থাজনার হার নিন্দারিণ সন্বন্ধে ২।১টি কথা বলি। এই স্প্যাব সিসটেমএ বিদ্ধান্ধনার হার নিন্দারিণ করা হয় তাহলে এই সিসটেমএ কাজ করা সন্ভব হবে বলে আমি মনে করি না। কারণ হচ্ছে আমাদের দেশে সরকারী বে মেসিনারি, কর্মদণ্ডর বেরকম কর্মকৃশল তাদের শ্বারা এই কন্সটান্ট চেঞ্জিং স্প্যাব মেনটেন করা কতথানি সন্ভব হবে সে বিষয়ে আমার সন্দেহের অবকাশ আছে। ধানের জমিতে যেথানে একটা রেভিনিউ রেট করে দেওয়া হচ্ছে অন্যানা জমি সন্দেশ্বেও রেভিনিউ রেট করে দেওয়া উচিত ছিল। এই ধানের জমি ছাড়া আর যে জমি আমাদের দেশে আছে সেটাই হচ্ছে এইটি-সিক্স পারসেন্ট—রবিশস্য এবং পান, পাট প্রভৃতি তাতে উৎপন্ন হয়। স্তরাং সেই সমন্ত জমিতে রেভিনিউ রেট ধার্য্য করার ভার যদি প্রেসক্রাইবড অর্থারিটির হাতে ছেড়ে দেওয়া হয় এবং কোন নিন্দেশ না দেওয়া হয়, তাহলে এই থাজনার হার আজ যা আছে তার চেয়ে বাড়বার যথেণ্ট সন্ভাবনা আছে। অতএব আমার মনে হয় এই বিলের মধ্যে একটা নিন্দেশ থাকা উচিত ছিল যে থাজনার হার যা আছে তার চেয়ে অব বাড়বে না, তাহলে সেদিকে দুন্টি রেখে প্রেসক্রাইবড অর্থারিটি রেভিনিউ ঠিক করতো। এই নিন্দেশ থাকলে থাজনা না বাড়লেও যে থাজনা বজায় আছে সেইটেই বজায় রেখে প্রেসক্রাইবড অর্থারিটি করতে পারতেন। এই ফাক এই বিলের মধ্যে রেয়ে গিয়েছে। এর স্বযোগ হয় ত অসাধ্যে অফ্সনাররা নিতে পারবে। এটা বন্ধ করা উচিত ছিল।

এইবার আসে জমি বন্টন। জমি বন্টন ব্যাপারে এই বিলের মধ্যে সরকারের যে মনোভাব প্রকাশ করেছেন তা প্রশংসনীয় নয়। জমি বন্টন নীতির ক্রজএর মধ্যে দিয়ে বলেছেন যে উম্বান্ত জমি আমাদের হাতে বেশী আসবে না। কাজেই জমি বণ্টন করে ভূমিহীন ক্ষক্ষরের সমস্যা সমাধান করা যাবে না। আমরা যদি। সরকারের প্রচেণ্টার আর্তবিকতা দেখতে পেতাম তাহলে নিশ্চয়ই সরকারকে ধনাবাদ দিতাম। কিল্ড এখানে লক্ষ্ণ লক্ষ্ণ চাষী ভূমিহীন কৃষ্ণক জ্ঞমির জন্য হাহাকার করছে। যদি আমরা দেখতাম সরকার পক্ষ থেকে জুমি আরো ক্**মিয়ে** দেওয়া হচ্ছে, যদি দেখতাম কো-অপারেটিভ সোসাইটির মধ্যে দিয়ে ভালভাবে জমি চাষ করার জানা কৃষককে উৎসাহ দেওয়া হচ্ছে, যদি দেখতাম উৎপল্ল শক্তি বাডাবার নিম্পেশ এর মধ্যে **থাক**তো তাহলে সরকারের আন্তরিকতা ব্রুতে পারতাম। কিন্ত এর ভিতের আন্তরিকতার অভাব রয়েছে। এর শ্বারা ভূমির ক্ষর্ধা মিটবে না। জনসাধারণকে ভূমিহীন চাষীকে জ্বাম দিতে পারবেন না, তার ফলে গ্রামের অর্থনৈতিক উন্নতি হবে না। আমরা মনে করি এবং সকলেই এই কথা মনে করেন যে গ্রামের অর্থনৈতিক অবস্থাব উপর সমসত দেশের অর্থনৈতিক অবস্থা নিভার করে। আজকে যদি চাষীর হাতে প্রসা থাকে তাহলে তারা জিনিষ্পত্র কিনতে পারুবে এবং তাহলেই সহরেব শিল্পের উন্নতি হবে এবং এব শ্বারা বাংলার অর্থনৈতিক অবন্ধা পালটে যাবে এ-কথা সকলেই স্বীকার করেন। কাজেই সেদিক থেকে দেখতে গেলে আজকে এই ভূমি বাবস্থার আমাল পরিবর্ত্তন করা দরকার। এই যে একটা আইন করা হয়েছে এবং আর একটা করতে যাওয়া হচ্ছে এতে আমরা দেখাছি যে এই আইনের রচয়িতাকে এই কথা বলতে চাই যে এই বিলের ন্বারা ভূমি বাবস্থার আমূল কিন্তু আর যদি তারা মনে করেন এর ন্বারা কৃষককে ধাপ্পা দিচ্ছে তাহলে তারা ভল করবেন কারণ ক্রষকরা যখন এর স্বরূপ ব্রুতে পারবে, যখন তারা সরকারের এই ধাপ্পা ব্রুতে পার্বে তখন তারা তাদের দাবী-দাওয়া নিয়ে আন্দোলন সুষ্টি করবে এ-কথা আমরা জানি। কাজেই আমর। সরকারকে বলবো এই আইন যে তৈরী হচ্ছে এর ম্বারা বাংলার অর্থনৈতিক উন্নতি হবে না। এইদিকে দুল্টি দেওয়া উচিত এবং তাহলেই দেশের অর্থনৈতিক সমস্যা সমাধান হবে।

Sj. Syama Bhattacharyya: Mr. Speaker, Sir, I am much surprised to find that such an important measure as the Land Reforms Bill has come in for strong criticism by our members on the opposite side. This is a reform which is the most important and logical step which has been taken after the passing of the West Bengal Estates Acquisition Act and this Bill, therefore, should have the widest support of the people. The strong denunciation and pessimism expressed by our friends opposite only show how far they are removed from the people.

Sir, the main target of the criticism has been the provisions regarding revenue rates and rights of raiyats.

[3-50-4 p.m.]

Regarding the revenue rate the procedure for determination of revenue rate in clause 24, read with the provisions of clause 29 will convince anybody that revenue rate thereafter payable under this new measure will be much less than the rate now payable by the ranyat. Sir, so far as the revenue rates are concerned, a maximum limit has been fixed to these rates, and only a percentage of the revenue rate is charged for any area or holding, and the larger the area the higher will be the percentage of revenue rate that will be charged from the owners of holdings. Formerly, and even at the present moment, determination of rate had no basis in scientific or logical arguments, but hereafter according to this Bill revenue rate will have close relation to the latter's capacity to pay revenue rate as well as to the productivity of the land. Sir, if we turn to the practical application of the rules regarding revenue rate, if we deal with concrete cases then we have to take into account this fact, that the average production in West Bengal in the last 20 years, so far as paddy is concerned, has been something like 15 maunds per acre, and during the last 20 years the average price will be in the neighbourhood of Rs 7-8 per maund. On this basis, the calculation of the table of rent in respect of land producing paddy will be as follows: Rs. 4-8 per two acres; Rs. 14-10 for 5 acres; Rs. 37-2 for 10 acres; Rs. 65-4 for 15 acres; and Rs. 122-12 for 25 acres. Sir, if we take into consideration also this fact that the average rent in West Bengal per acre has been Rs. 5 then it can be provided immediately that there will be no enhancement in rent for land up to 20 acres in West Bengal; and of the 117 lakh acres of land under cultivation 98 lakhs grow paddy and of these lands the revenue that will be charged will be substantially less than the rents that the rangets now pay. For land not growing paddy or lands not used for growing crop, the revenue payable will not be higher as my friend Dr. Kanailal Bhattach dyya was trying to establish S.r. the proviso to sub-clause (2) to clause 21 lays down the maximum limit in respect of these lands, and a certain percentage of this maximum rate will be charged from any given area of land, and therefore as in the case of land growing paddy the revenue that will be charged will be reach less than the rates which are charged now. Similarly, in the case of lands not used for growing crop and lands not growing crops the revenue payable will be much less than the rates now payable on these lands

Sir, it has been said that the rights of raiyats will be very insecure under the provisions of this Bill. It was pointed out that clause 1 of this Bill will lead to eviction of raiyats from their own holdings on very flimsy grounds. Clause 4 only guards against and provides penalty for misuse and non-use of land or for conversion of land for non-agricultural purposes. Sir, it is true that the raiyats have been declared owners of their lands, but ownership does not mean and cannot mean unrestricted right in respect of land. There is no such thing as absolute right in respect of property. Our right to property must be subordinated to the superior consideration of national interest, and only for national interest certain reasonable restrictions have been placed on the rights of raiyats in respect of their holdings.

Sir, it has also been contended that the provision regarding personal cultivation is a retrograde measure, that raiyats should not be allowed to employ hired labour for the purpose of cultivating their land as if

employment of hired labour is a very bad thing in the context of present condition of rural economy in West Bengal. Sir, I would call these critics over-revolutionary. These critics forget that even in China from the example of which we have much to learn the Land Reform Act in Article 6 lays down this: "Land owned by rich peasants and cultivated by themselves or by hired labour shall be protected from encroachment".

Sir, it has been pointed out by Dr. Kanailal Bhattacharvya and also by my friend Sj. Provash Chandra Roy that the rules as laid down in clause 14 regarding partition will lead to eviction of raiyats, but if we go into the provisions of this particular clause it will be found that a reasonable restriction on further parcelling of land has been laid down in this particular clause thus preventing further fragmentation. In order to achieve the goal of increasing production, parcelling of land should not be allowed below a certain limit. Of course, I agree that in fixing this limit, we shall have to put the figure at a low level in view of the fact that there is a keen hunger for land among the peasantry and the pressure of the population is also very great.

It has also been criticised that the distribution of land, the principles of which have been enunciated in clause 49, is not quite in order, that the lands will go not to proper cultivators, not to real cultivators but to non-cultivators. Sir, the principles of distribution of land in clause 49 are very clear. Land shall be given without premium only to cultivators who have no land or to persons who have small pieces of land, preference being given only to those who agree to form themselves into a co-operative farming society. Sir, although I warmly advocate the provisions regarding distribution of land as laid down in this particular clause, I do not for a moment overlook the hard fact that there are at present about seven lakhs of families or 21.4 per cent. of agriculturist population who are landless farmers, and we may not have sufficient lands for distributing among all of them. Therefore, Sir, I would advocate that the strictest measures should be taken to prevent evasion of land by transfers, clandestine transfers which, if permitted, would defeat the objects of this Bill and the objects of the Estates Acquisition Act.

I am of the opinion and the party to which I belong also endorse the view that this Bill will serve the ends of social justice by putting the ceiling upon the maximum holding, by scaling down the level of rent and by such other measures which will promote our economic improvement and increased production. It is not unlikely that we may make minor corrections here and there in the course of the practical application of the measures of this Bill but that will not deflect us from our goal of serving the ends of social justice and promote the economic improvement and increased production.

[4-4-10 p.m.]

8j. Cangapada Kuar:

মাননীয় প্পীকার মহোদয়, এইমাত আমাদের ওপাশের এক বন্ধু শ্যামাপদ বাবু এই বিলের যেভাবে প্রশস্তি গেয়ে গেলেন, দঃথের সংগে আমি জানাচ্ছি যে তাঁর সংগে আমি একমত হতে পারলাম না। তিনি বলেছেন,

this Bill will serve the ends of social justice.

আমরা আশ্চর্য্য হয়ে যাই যে ভূমি-সংস্কার বিল মূলতঃ যে উন্দেশ্যে সুভিট এবং মূলতঃ যে উন্দেশ্যে প্রোতন সামন্ততান্তিক ভূমি ব্যবস্থার পরিবর্তন করা প্রয়োজন প্রকৃত চাষীকে জমির মালিক করবার জনা, সেই যে উদ্দেশ্য ঘোষণা করা হয়েছিল, এই বিলে সেই উদ্দেশ্য সম্পূর্ণরূপে বার্থ হয়েছে: অথচ তা সত্ত্বেও যদি আমরা এই বিলকে বলি this Bill will serve the ends of social justice.

এর চেয়ে বেদনার বিষয় আর কি হতে পারে: দেশের ক্রমককে, তার হাতে পরিবারের ভরণপোষণোপযোগী জমি দেওয়া প্রত্যেকটি প্রগতিশীল রাম্মের কর্তবা। আমাদের কৃষিপ্রধান বাংলা দেশের পক্ষে সকল কৃষককে জমি দেওয়া আরও বেশী করে খাটে। আজকের দিনে নাগরিক জীবনের পরিপূর্ণ বিকাশের জন্য গণতন্ম তথা লোক শক্তি প্রতিষ্ঠার জন্য কৃষককে তার জমির মালিকানা স্বন্ত দিতে হবে এ-বিষয় কার্ও স্বিমত নেই। গ্রু ১০৬২ সালে ১লা বৈশাখ মাননীয় প্রধান মন্ত্রী ডাঃ রায় ঘোষণা করেছিলেন যে আমি খুব আনন্দের সংশ্যে বলছি যে আমাদের বাংলা দেশে প্রকৃত যারা চাষী তারা জমির মালিকানা স্বত্ত পাবে। কিন্তু আজ কোথায় তাঁর সেই ঘোষণার মূলা? আজকে আমরা দেখছি মূল্যীমহাশয় ঘোষণা করেছেন ছয় লক্ষ একর জমি উম্ব,ত হবে। কিম্তু যেভাবে মিধ্যা আমলনামা বা বে-আইনী দ্রাদ্রমার ইত্যাদির ম্বারা যারা ভূমিবান তাদের হাতে জুমি রয়ে যাচ্ছে এবং তার ফলে উन्दु स्विभ भाउता वादव कि ना स्मिवियत आभार्मत यार्थके मरम्बर तराहा । এ-ছाजा আর একটা সমস্যা দেখা দিয়েছে যে এই সরকার যখনই কোন আইন করেন তখন যে-সমুস্ত ভেন্টেড ইন্টারেন্ট আছে, তাদের আগে থেকেই সজাগ করে দেন, ফলে, যতদরে সম্ভব তারা আইনের চোখে বাতে ধ্লা দেওয়া যায় তার বাবস্থা অবলম্বন করেন। ভূমি-সংস্কার বিল পাশ হতে যাছে, কিন্তু ইতিপ্রের্থ যে-সমন্ত কৃষকের রায়তি-ন্থিতিবান ন্বতের জুমি দখল করেন, তাদের সেই সমস্ত জুমির কয়-বিক্রয়ের ব্যাপারে কোন বাধা-নিষেধ নেই। এই বাধা নিষেধ না থাকার দর্ন সমস্ত উম্ব্রু জমি তারা বিজয় করে দিচ্ছেন বে-আইনী দ্রীম্পফার ছাড়াও। এর ফলে উম্বত্ত জমি পাওয়া গেলে, যে সমুস্ত ভূমিহান কুষক আছে, তাদের মধ্যে সাঠ্যভাবে পানবন্দিত হ'ত, সেই স্কোপ আর থাকবে না; সমস্ত বড বড ভূমিবানরা জুমি কৃষ্ণিত করে রাখবেন: এর দ্বারা অবশ্য সরকারের নীতি সার্থক হবে, কিন্তু ভূমি-সংস্কারের যে প্রকৃত উদ্দেশ্য তা সার্থক হবে না। পঞ্চ-ক্রিকী পরিকল্পনায় দেখা গিয়েছে যে বাংলা দেশের কৃষক সমাজের বিন্দুমার উল্লিভ হয় নি উপরুশ্ভ তাদের **খণের বোঝা ক্রমণঃ বেডে গিয়েছে কবের বোঝা বেডে গিয়েছে এভাবের তাজনায় তাদের** অনেককে সম্প্রিবান্ত হতে হয়েছে এবং ভাদের জুমিও ১৯৩। ভরিত হয়েছে। সরকার তাই বাধ্য হয়ে, এই হস্তান্তর রোধ করবার জন্য আইন আনলেন, সেই আইন কার্য।৩ঃ বার্থ হয়েছে।

আজকে যদি পণ্ট-বার্যিকী পরিকল্পনাকে সার্থক করতে হয়, তাইলে তার জন্য কোটী কোটী টাকা বরান্দ করে শুধ্যে খরচ করলেই তা সম্ভব নয়, আমরা যদি প্রকৃত কুষ্ককে মালিকানা স্বত্ত জমিতে দিতে না পারি, এবং তাদের মধ্যে যদি ক্রয় ক্ষমতা বাডিয়ে তলতে না পারি তাহলে এই পঞ্চ-বাধিকী প্রিকম্পনা কখনও সাথক হতে পারে না, এবং কোন দৈশে এরকম হয়েছে বলে আমার জানা নেই। তাই ভাম সংস্কার বাবস্থায় আমাদের সেই দিক দিয়ে বিবেচনা করতে হবে যে কওখানি কৃষক সমাজেব 'প্রকৃত কল্যাণ আমরা করতে পেরে**ছি**; দেশের প্রকৃত কৃষ্ক সমাজ এব দ্বাবা। কত্থানি উপরত ইয়েছে। ভূমি সংস্কার বিল এবং এস্টেটস এটকুইজিশন এট্রেএর মধ্যে আমরা দেখতে পাই সরকার সব সময় টাটা-বিভলা প্রভৃতি যাদের হাজার হাজার বিঘা আম বাগান বা মেডোভেরী রয়েছে এদের সংখ্যে সামান। কুষকের যে পার্থকা রয়েছে, তাদের স্বার্থগত পার্থকা বা ভিত্তিগত পার্থকা যা রুগেছে এই সমুহত কথা আদৌ বিবেচনা না করে, এই সমুহত বিধান এই বিলে এনেছেন, দেশের সমুহত কৃষক, অ-কৃষক সকলকেই চাযের জুমির উপর অবাধে অধিকার দিচ্ছেন। কিন্ত এর ফলে क्लानिन क्रीय समस्यात समाधान सुर्क, जारव २८० शास्त्र ना। क्रीय समस्या समाधान इस्त সেদিন, যেদিন প্রকৃত কৃষক জ্ঞামির মালিক হতে। পারবে। আমরা। চাই না এদের জামির উপর আনরেশ্যিক্টেড পাওয়ার বা এ্যাবসোলিউট রাইট দেওয়া হোক। যতক্ষণ পর্যাত্ত সম্পূর্ণরূপে এই বৃত্তির উপর তাদের জীবিকা নির্ভার করবে, সে পর্যানত তাদের জমি থেকে বঞ্চিত করবার, নায়সঙ্গত অধিকার কোন দেশের সরকারের আছে বলে মনে হয় না। চাষীকে জমির মালিকানা স্বত্ত দেওয়ার দুড়িউভগাঁ যদি আমরা দেখি বিচার করি: তাহলে এই যে ভূমি-সংস্কার বিল বা এস্টেটস এ্যাকুইজিশন এয়ার্ক্ট করা হরেছে, এটা রাজ্য সরকারের এদেশের ভূমিহীন কৃষক সমাজের প্রতি চরম বিশ্বাসঘাতকতার প্রামান্য দলিল হয়ে থাকবে, যে পর্যাস্ত না তাদের হাতে জমি দেওয়া যাচ্ছে।

ইতিপ্রেশ্ব বর্গাদার সন্বন্ধে আলোচনা হয়েছে। আমি আশ্চর্য্য হয়ে যাই, যে সামান্য কৃষির সম্পর্কে যদি তাঁর ধারণা থাকত, তাহলে তিনি অন্ততঃ বর্গাদার সন্বন্ধে একচেঞ্চলবরএর ক্রেণাপও রাথতেন। বাংলা দেশে এমন কোন চাষী আছে কি না জানি না, যে সে নিজের পরিবারের লোকজন দিয়ে তার পাঁচ, দশ বিঘা জমি চাষ করতে পারে। প্রেশ্বর বর্গাদার আইনে, বর্গাদারদের জন্য যে-সমস্ত ব্যবস্থা ছিল, বর্ত্তমান ভূমি-সংস্কার বিলে সেই সমস্ত ব্যবস্থাকে আরও কঠোর করে দেওয়া হচ্ছে, যার ফলে হাজার, হাজার বর্গাদার উচ্ছেদ হয়ে যাবে।

[4-10-4-20 p.m.]

এই আইনে পার্টিশন এবং ট্রান্সফার সম্পর্কে যে ব্যবস্থা করা হয়েছে, ভ্যান্ডার্ড এরিয়া এবং লংগেন্ট কমন বাউন্ডারি এই দিয়ে যে পরিকল্পনা আনা হয়েছে তার ফলে বারা ছোট ছোট চাষী তারা উচ্ছেদ যে হয়ে যাবে—তার আশব্দা অম্লক নয়। এই বিলে সবচেয়ে আশব্দার কথা হচ্ছে কৃষক এবং অ-কৃষক সকলকেই এক জায়গায় আনা হয়েছে, এবং এ-কথা আমি প্রথমেই বর্লোছ। তা ছাড়া, খাজনার ব্যাপারে আমরা চেয়েছিলাম, এই বিলের আলোচনা প্রসঞ্জো, বে বেসব জায়গায় সাঁজা খাজনা য়য়েছে সেখানে পাশেয় জমিয় যে খাজনা কেইভাবে সাঁজা জমিয় খাজনাও আদায় কয়া হোক। এ সম্পর্কে আইনে কোন ব্যবস্থাই কয়া হয় য়ই। এটা বে কয়া যায় না তা মনে করি না। মন্দ্রীমহালয় বলেছেন যে তাঁয়া প্র্মের্বর নায় অর্থাং ছেভাবে খাজনা দিয়ে আসছে সেইভাবেই দেবে, তাঁর সেই আশ্বাস, আমি আশা করি তিনি কার্যাকরী করবেন। খাজনার সম্পর্কে সবচেয়ে দ্বংথের বিষয় তিন বছর একাদিক্তমে যদি ফসল না হয় তাহলেই খাজনা কিছ্ কমানো যেতে পারবে তা নৈলে কোন যারস্থা কয়া হবে না।

আর একটা মারাত্মক জিনিষ, থাজনা সমস্ত জোতের উপর নির্ম্পারিত করবেন। এবং থাজনা বাকি থাকলে সমস্ত জোত সেল করতে পারবেন। এসব বিধান কৃষকের পক্ষে কলাণকর্ম হতে পারে না। তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে বলব যে-সমস্ত সমালোচনা এই বিলেব উপর হয়ে গেছে, সেই সমস্ত সমালোচনাকে ভিত্তি করে যাতে এই বিলটাকে আরো স্মামাহিতভাবে আনা যায়, যাতে দেশের কলাণ হয় এবং চাষী ও ভূমিহীন কৃষক যারা তারা যাতে জমি পায় সেই ব্যবস্থা যাতে হয় সেইভাবে এই আইনের সংস্কার তিনি করবেন। এবং সেইভাবে এই আইনের সংস্কার হিনি করবেন। এবং সেইভাবে এই আইনের সংস্কার হওয়া দ্বকার।

সন্ধ শৈষে আর একটা কথা বলব, এই ভূমি-সংস্কার বিল কাষ্যকরী হবার আগেই এই যে সমুহত জমি অবাধে বিক্রয় হয়ে যাছে সেই কয়-বিক্রয়ে বাধা দেওয়া দরকার। নৈলে তাঁদের যে পরিকল্পনা, সেই পরিকল্পনা মতন বিলি-বল্টনের জন্য জমি পাবেন না এবং বিলের উদ্দেশ্যই বার্থা হবে।

Sj. Saroj Roy:

মিঃ স্পানীকার, সারে, এই বিলের সেকেন্ড পর্য্যায়ের আলোচনা হয়ে যাওয়ার পর আমরা বধন আইন সভা থেকে যাই, তথন বহু প্রশন নিয়ে আমরা আমাদের কর্নান্টট্রোল্সতে ফিরে গিরেছিলাম। তথন আমাদের মধ্যে এই একটা প্রচেন্টা হয়, এই বিল কৃষক, মধ্যবিত্ত প্রভৃতি সক্ল শ্রেণীর মিটিংএ নিয়ে পেশ করব। এইভাবে, বিভিন্ন জনসাধারণের মধ্য দিয়ে গরীব কৃষ্ক, ভাগচাষী, আন্ডার-রায়ত প্রভৃতি সমস্ত প্রকারের জনসাধারণের মাঝখানে এই বিলটা শেলস করি, এবং শেলস করার পরে যে আলোচনা শ্রনি সমস্ত জিনিষটা তাদের কাছে তুলে ধরবার ফলে তাদের যে মতামুত পাই তাতে একটা জিনিষ পরিক্ষার হয়েছে যে যেভাবে কংগ্রেস সরকার থেকে বিল করা হয়েছিল সেটাতে ভূমি-সংস্কার আইনের ম্লে উন্দেশ্য ছিল বার্তি জমি বা আছে, সে সমস্ত বার্ডাত জমি কৃষ্কদের বাদের হাতে জমি নাই তাদের বন্টন

